নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি পরীক্ষার
নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

★

www.ekarmakshetra.com

প্রাথমিক
টেট
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
..পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ২১ কলকাতা শুক্রবার, ২২ ডিসেম্বর ২০১৭/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৬ পৌষ ১৪২৪ দাম ₹৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

## উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশনে ২৫৮৯

### অফিস অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার ও অ্যাসিস্ট্যান্ট রিভিউয়িং অফিসার

অফিস অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার এবং অ্যাসিস্ট্যান্ট রিভিউয়িং অফিসার পদে ২,৫৮৯ জন কর্মী নেবে উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশন। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদের জন্যই আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১,৩০২টি শূন্যপদের বিষয়ে জানানো হল। অফিস অ্যাসিস্ট্যান্ট এবং স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে যাঁরা বিজ্ঞপ্তি নম্বর: 11/VSA/2016 অনুসারে এবং অ্যাসিস্ট্যান্ট রিভিউয়িং অফিসার পদের ক্ষেত্রে যাঁরা বিজ্ঞপ্তি নম্বর: 02/VSA/2017 অনুসারে আগে আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করতে হবে না। তবে, তাঁরা অনলাইনে প্রয়োজনীয় তথ্যাদি আপডেট করতে পারেন এই ওয়েব-সাইটের মাধ্যমে: www.uppcl.org

শূন্যপদের বিন্যাস: **অফিস অ্যাসিস্ট্যান্ট:** পোস্ট কোড ২৬: ১১৫০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে কম্পিউটারে প্রতি মিনিটে ৩০টি হিন্দি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**স্টেনোগ্রাফার:** পোস্ট কোড ২৪: ১১৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে হিন্দিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৬০টি শব্দের দ্রুততা এবং হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০১৬ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/VSA/2017/REVISED.

**অ্যাসিস্ট্যান্ট রিভিউয়িং অফিসার:** পোস্ট কোড ১৬: ৩৭টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে কম্পিউটারে প্রতি মিনিটে ৩০টি হিন্দি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/VSA/2017REVISED.

**বয়স:** ১-৭-২০১৭ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** অফিস অ্যাসিস্ট্যান্ট এবং স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে

এরপর পনেরোর পাতায়

## কেন্দ্রীয় বিদ্যালয়ে ৮১৩

### লোয়ার ডিভিশন ক্লার্ক, লাইব্রেরিয়ান এবং স্টেনোগ্রাফার

লোয়ার ডিভিশন ক্লার্ক, লাইব্রেরিয়ান এবং স্টেনোগ্রাফার পদে ৮১৩ জন কর্মী নেবে কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন। নিয়োগ হবে এই সংস্থার বিভিন্ন স্কুলে। প্রার্থী বাছাই করবে কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন কর্তৃপক্ষ। ২ বছরের প্রবেশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৩।

যাঁরা ২০১৫ সালে প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর ১০ অনুসারে আবেদন করেছিলেন তাঁরা পুনরায় আবেদন করবেন না। তবে তাঁরা অনলাইনে প্রয়োজনীয় তথ্যাদি আপডেট করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvsangathan.nic.in

শূন্যপদের বিবরণ: লোয়ার ডিভিশন ক্লার্ক: ৫৬১টি (সাধারণ ২৮৪, তফসিলি জাতি ৮৪, তফসিলি উপজাতি ৪২, ও বি সি ১৫১)। এর মধ্যে ৬টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত এবং ৫টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ

এরপর চোদ্দোর পাতায়

## উত্তর রেলে ৩১৬২

### ট্রেড অ্যাপ্রেন্টিস

৩,১৬২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে উত্তর রেলের বিভিন্ন ডিভিশন, ইউনিট এবং ওয়ার্কশপে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: RRC/NR/03/2017/Apprentice Act.

শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। ২৭-১-২০১৮ তারিখে বয়স হতে হবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcnr.org আবেদন করা যাবে ২৮ ডিসেম্বর থেকে ২৭ জানুয়ারি পর্যন্ত।

এই ট্রেনিংয়ের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় জানানো হবে। তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে

## ৩৮২ এয়ারক্রাফট টেকনিশিয়ান

এয়ারক্রাফট টেকনিশিয়ান পদে ৩৮২ জন কর্মী নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এয়ার ইন্ডিয়ার অধীনস্থ এই সংস্থাটি ডিরেক্টোরেট জেনারেল অব সিভিল এভিয়েশন দ্বারা স্বীকৃত। প্রাথমিকভাবে অন্তত ৫ বছরের চুক্তিতে নিয়োগ হবে। ভালো কাজের নিরিখে কর্তৃপক্ষ আরও ৫ বছরের জন্য চুক্তি বর্ধিত করতে পারে। ইন্টারভিউ মুম্বইতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIESL/RECT/01.

**শূন্যপদের বিবরণ:** এয়ারক্রাফট টেকনিশিয়ান: সিরিয়াল নম্বর-এ (বোয়িং এয়ারক্রাফটস): ২১০টি (সাধারণ ১০৮, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৬)। সিরিয়াল নম্বর বি (এয়ারবাস এয়ারক্রাফটস): ১৭২ (সাধারণ ১১৫, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩১)। **শিক্ষাগত যোগ্যতা:** ডিরেক্টোরেট জেনারেল অব সিভিল এভিয়েশন দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়া-রিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট। সঙ্গে প্রযোজ্য ক্ষেত্রে বোয়িং বা এয়ারবাস এয়ারক্রাফট রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস

এরপর পনেরোর পাতায়

## এয়ারফোর্সে গ্রুপ 'সি'

৩৬ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। আগ্রা, বরেলি, গোরখপুর, এলাহাবাদ, লখনউ,

### কুক, মাল্টি টাস্কিং স্টাফ, হাউস কিপিং স্টাফ, মেস স্টাফ

গোয়ালিয়র এবং নৈনিতালের বিভিন্ন স্টেশন ও ইউনিটে নিয়োগ করা হবে মাল্টি টাস্কিং স্টাফ, হাউস কিপিং স্টাফ, কুক, মেস স্টাফ পদে।

**ইউনিট অনুসারে শূন্যপদ:** এয়ারফোর্স স্টেশন, আগ্রা: **কার্পেন্টার:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ২টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station

এরপর পনেরোর পাতায়

## ইউনিয়ন ব্যাঙ্কে ১০০

### ফরেক্স অফিসার ও ইন্টিগ্রেটেড ট্রেজারি অফিসার

১০০ জন ফরেক্স অফিসার ও ইন্টিগ্রেটেড ট্রেজারি অফিসার নেবে ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল টু'য়ে।

**ফরেক্স অফিসার:** শূন্যপদ ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ব্যাচেলার্স বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলে অথবা আই আই বি এফ থেকে ফরেন এক্সচেঞ্জের সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। কোনও ব্যাঙ্কের ফরেন ট্রেড ফিনান্স অপারেশনস বিভাগে অন্তত স্কেল-ওয়ান পদে ২ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৩ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা।

**ইন্টিগ্রেটেড ট্রেজারি অফিসার:** শূন্যপদ ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: ফিনান্স বা ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স বা কমার্সের ব্যাচেলার্স বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিনান্সে

এরপর চোদ্দোর পাতায়

## কোস্টগার্ডে নাবিক

### শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক (জেনারেল ডিউটি) নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। ১০+২ এন্ট্রিতে নিয়োগ হবে। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০১৮ ব্যাচে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স ও অঙ্ক দু'টি বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। মোট অন্তত ৫০ শতাংশ এবং ফিজিক্স ও অঙ্কের প্রতিটি বিষয়ে ৫০ শতাংশ করে নম্বর থাকা চাই।

এরপর পনেরোর পাতায়

ভারত সরকার ও
MSME স্বীকৃত...

Digital India
Power To Empower
Department of Electronics and Information Technology
Ministry of Communications and Information Technology
Government of India

E-Digital India Corporation ও
সেণ্ট্রাল জুনিয়ার স্কুলে বিভিন্ন জেলাতে শিক্ষক-শিক্ষিকা ও
সহায়ক-সহায়িকা নিয়োগের শেষ তারিখ ঃ ২৩-১২-২০১৭
০৭-১২-২০১৭ তারিখ থেকে আমাদের ফর্ম ফিলাপ শুরু হয়েছিল।

শিক্ষক - শিক্ষিকা ঃ
যে কোনো বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর কম্পিউটারে যে কোনো Govt. স্বীকৃত সংস্থার ডিগ্রি থাকলে প্রার্থীরা শিক্ষক-শিক্ষিকা পদের জন্য আবেদন করতে পারেন। বেসিক বেতন ঃ ১১,৬০০ - ১৮,৭০০ টাকা।

সহায়ক-সহায়িকা পদ ঃ
অষ্টমশ্রেণী থেকে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীগণ সহায়ক- সহায়িকা পদের জন্য আবেদন করতে পারেন। বেসিক বেতন ঃ ৮,৬০০ - ১২,৫০০ টাকা।

সফল প্রার্থীগণকে নিজস্ব জেলাতে ও নিজস্ব ব্লকে
এই পদগুলিতে নিয়োগ করা হবে।

এই website গুলীতে - www.edigitalindiawb.com/ www.edigitalindiawb.co.in - অনলাইনে ফর্ম পূরণ করতে হবে ও অনলাইনেই ফর্ম পূরণের ফি জমা করতে হবে। অনলাইন পদ্ধতিতে ৭০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্নের ১ ঘন্টার পরীক্ষায় ২৮ নম্বর প্রাপ্ত প্রার্থীদের ৩০ নম্বরের অ্যাকাডেমিক স্কোর ও পার্সনালিটি টেস্টের জন্য ডাকা হবে ও যোগ্যতার ভিত্তিতে প্রথম প্যানেলের প্রার্থীদের নাম ওয়েবসাইটে প্রকাশ করা হবে ও sms- এর দ্বারা প্রার্থীদের জানানো হবে।

১৮-০১-২০১৮ মধ্যে সকল নিয়োগ সম্পন্ন করা হবে।

Online & Off Line ফর্ম পূরণের বিশদ বিবরণ জানতে এই website এ দেখুন - www.edigitalindiawb.com

যে সকল প্রার্থীরা ইতিমধ্যে ফর্ম ফিলাপ করেছেন তাদের জানানো হচ্ছে ঃ
পরীক্ষার সিলেবাস ঃ ৭০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্নের ১ ঘন্টার পরীক্ষায় - (১) Computer Knowledge - ৩০ নম্বর (২) General Knowledge - ৪০ নম্বর সিলেবাস ও মডেল প্রশ্নোত্তর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে

ফর্মের ভুল সংশোধন করা ও অ্যাডমিট কার্ড কবে কি ভাবে পাবেন ঃ
যাদের ফর্মে ভুল আছে তারা ওয়েবসাইট থেকে ১৫-১২-২০১৭ তারিখ থেকে - ট্রানজেকশান আই ডি ও মোবাইল নম্বরের দ্বারা সমস্ত ভুল সংশোধন করতে পারবেন। এইভাবেই ০৩-০১-২০১৮ তারিখ থেকে ট্রানজেকশান আই ডি ও মোবাইল নম্বরের দ্বারা পরীক্ষার অ্যাডমিট কার্ড নিতে হবে।

আপনার চাকুরী কোথায় হবে ও আপনার কাজ কি হবে চাকুরীর পর ঃ
আপনার ৬০ বছর বয়স অবধি আপনি এই চাকুরীতে রত থাকবেন আপনার ব্লকের অশিক্ষিত, দরিদ্র, বেকার, কর্ম প্রার্থী যুবক-যুবতী ও যে কোনো বয়সের মানুষকে ডিজিটাল পদ্ধতিতে শিক্ষা দেওয়া আপনার কাজ হবে এই চাকুরীতে। এ ছাড়া দরিদ্র বাচ্চাদের পড়াশোনা, ঔষধ, পুষ্টিকর খাবার আমাদের থেকে নিয়ে তাদের প্রদান করা আপনার কাজ হবে।

কেবলমাত্র ফর্মফিলাপ ও পরীক্ষা সংক্রান্ত তত্ত্বের জন্য
TOLL FREE NO - 18003453347 (10 am to 5 pm)

## নদিয়া জেলায় ১১৮ গ্রাম পঞ্চায়েত কর্মী

১১৮ জন গ্রাম পঞ্চায়েত কর্মী নেবে নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। প্রার্থী বাছাই করবে ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1643/P&RD/DLSCNadia/2017.

**শূন্যপদের বিবরণ:** ১১৮টি (সাধারণ ৩৩, সাধারণ-ইসি ১৯, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ৪, সাধারণ-দক্ষ খেলোয়াড় ২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৬, তফসিলি জাতি ১৮, তফসিলি জাতি-ইসি ৮, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ৫, তফসিলি উপজাতি-ই সি ২, ও বি সি-এ ৮, ও বি সি-এ-ইসি ৪, ও বি সি-বি ৬, ও বি সি-বি-ইসি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট। **বয়স:** ১-১-২০১৭ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫, ও বি সিরা ৩ এবং প্রাক্তন সমরকর্মীরা ১০ বছরের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য আসন সংরক্ষিত হবে। খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ডিসিপ্লিন থেকে: (ব্র্যাকেটে কোড নম্বর) : অ্যাথলেটিক্স-ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ (১), ব্যাডমিন্টন (২), বাস্কেটবল (৩), ক্রিকেট (৪), ফুটবল (৫), হকি (৬), সুইমিং (৭), টেবিল টেনিস (৮), ভলিবল (৯), টেনিস (১০), ওয়েটলিফটিং (১১), রেসলিং (১২), বক্সিং (১৩), সাইক্লিং (১৪), জিমন্যাস্টিক্স (১৫), জুডো (১৬), রাইফেল শ্যুটিং (১৭), কবাডি (১৮), খো-খো (১৯)।

এক্সেম্পটেড ক্যাটেগরির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের এমপ্লয়মেন্ট ডিরেক্টোরেটের অধীনস্থ এক্সেম্পটেড ক্যাটেগরি সেল থেকে সরাসরি শূন্যপদ পূরণের জন্য নাম চাওয়া হবে। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে অনলাইন আবেদনের পাশাপাশি সংশ্লিষ্ট জেলা সৈনিক বোর্ডের কাছ থেকে শূন্যপদ পূরণের জন্য নাম চাওয়া হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা (৪৩ নম্বর) এবং ইন্টারভিউয়ের (৭ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ইংরেজি, বাংলা, এরিথমেটিক ও জেনারেল নলেজ বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.nadia.gov.in

এরপর চোদ্দোর পাতায়

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# মুড়ি তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** সারাবছরই মুড়ির চাহিদা থাকে। মেশিনের সাহায্যে মুড়ি তৈরি করে বস্তায় বা প্যাকেটে ভরে বিক্রি করতে পারেন। মুড়ি তৈরির রোস্টার মেশিনে প্রতি ঘণ্টায় ৩০০ কেজি মুড়ি উৎপাদন সম্ভব। উৎপাদন ক্ষমতার তারতম্য অনুযায়ী মেশিনের সাইজেরও তারতম্য হয়।

**কীভাবে করবেন:** মুড়ির চাল প্রথমে খুব ভালোভাবে ধুয়ে নিতে হবে। এবার লবণমিশ্রিত ওই মুড়ির চাল সূর্যালোকে শুকিয়ে নিতে হবে। এরপর রোস্টার মেশিনের হপারে তা ঢেলে দিয়ে মেশিন চালু করলে নিজে থেকেই তা বালিতে ভাজা হয়ে জালের চালনি দিয়ে বালি ছেঁকে মুড়ি তৈরি হয়ে বেরিয়ে আসবে। এই মেশিনে মুড়ি ছাড়াও ছোলা, বাদাম প্রভৃতিও বালিতে ভাজা যায়। রোস্টার গরম করতে প্রতি ঘণ্টায় ২০ কেজির মতো ধানের কুঁড়ো বা কাঠ জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়। এছাড়া প্রতি ঘণ্টায় ৩ থেকে ৫ লিটার ডিজেলেও এই কাজটি করা যায়।

উৎপাদন ক্ষমতা অনুযায়ী রোস্টার মেশিনটি চালাতে ২ থেকে ৩ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

এছাড়া ব্লোয়ার মেশিনের জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার।

**কোন মেশিনের কী দাম:** উৎপাদন ক্ষমতার তারতম্য অনুযায়ী এই মেশিনের দামেরও তারতম্য হয়। মোটরসমেত ঘণ্টায় ৩০০ কেজি পর্যন্ত মুড়ি উৎপাদনক্ষম রোস্টার মেশিনের দাম ১,২৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পেতে যোগাযোগ করুন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata- 700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharat machinetools1@rediffmail.com

## কী পড়বেন, কোথায় পড়বেন

### গান্ধীনগর আই আই টি-তে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

কগনিটিভ সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে গান্ধীনগরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আই আই টি)। আই আই টি-র সেন্টার ফর কগনিটিভ সায়েন্স বিভাগে বিজ্ঞান শাখায় (এম এসসি) এবং সোসাইটি অ্যান্ড কালচার বিভাগে আর্টস শাখায় (এম এ) কোর্সটি পড়ানো হবে। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ যে-কোনও শাখায় স্নাতক। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

কোর্স চলাকালীন স্কলারশিপ বাবদ নির্দিষ্ট মাসিক ৫,০০০ টাকা দেওয়া হবে। সেমেস্টার পিছু স্কলারশিপ পুনর্নবীকরণ করা হবে। হস্টেলে থাকার সুবিধা আছে।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার তারিখ ১০ ও ১১ মার্চ। পরীক্ষাকেন্দ্র গান্ধিনগর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitgn.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ জানুয়ারি। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সি-ম্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট— যে-কোনও একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্ত-সাপেক্ষে আবেদন করতে পারেন।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। কোর্স চলাকালীন কিছু ছাত্রছাত্রী স্কলারশিপ পাবেন।

প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিতদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। পরীক্ষা নেওয়া হবে এপ্রিল-মে মাসে। পশ্চিমবঙ্গের পরীক্ষা-কেন্দ্র কল্যাণী।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vamnicom.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদন করা যাবে ১১ জানুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি ‘The Director, VAMNICOM, Pune’-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

SBI / VODAFONE ও JIO বাংলা কাস্টমার কেয়ার
পরিষেবায় জুনিয়ার অফিসার চাই। টার্গেট ও নাইট শিফট ছাড়া ইচ্ছামতো কাজের শিফট
যোগ্যতা মাধ্যমিক / উঃ মাধ্যমিক / স্নাতক ও স্নাতকোত্তর বয়স 18-35 বৎসর
বেতন যোগ্যতানুসারে ইনসেনটিভ + O.T সহ 10,570/- - 22,500+ যাতায়াত ফ্রী।
● প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন (আবেদন) করতে কোনো টাকা লাগে না।
● প্রয়োজনে অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা আছে।
● বহিরাগত প্রার্থীদের জন্য থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে।
● ইন্টারভিউয়ের মাধ্যমে স্পট সিলেকশন চলছে। IIFA, DUMDUM, KOL-28
শীঘ্রই কল করুন-9563533437 / 9002033880 / 8420455516

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *উচ্চমাধ্যমিক পাশ। ব্যবসার জন্য মৌমাছি পালন করতে চাই। কিন্তু পালনের ব্যাপারে কোনও জ্ঞান নেই আমার। কোথা থেকে পালনের পদ্ধতি জানতে পারব? —উজ্জ্বল দাস, গ্রাম-গোপালপুর, থানা-লাভপুর, বীরভূম-৭৩১ ৩০৩।*

□□ স্বল্পমেয়াদি একটি প্রশিক্ষণ নিয়ে নিন আঞ্চলিক স্তরেই। আপনার জেলার কীর্ণাহারে ইন্টেনসিভ খাদি অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্টের কেন্দ্র রয়েছে। এখান থেকে আঞ্চলিক স্তরে মৌমাছি পালনের প্রশিক্ষণের ব্যবস্থা সম্পর্কে তথ্য পেতে পারেন। কেন্দ্রের ফোন নম্বর: (০৩৪৬৩) ২৬৭৩৬৩/২৬৭৬৩৬।

□ *আমি তেলাপিয়া, বাটা, রুই, কাতলা, লাইলনটিকা, জাপানি পুঁটি, সিলভার কার্প ইত্যাদির মতো মিষ্টি জলের মাছের চাষ করি। উৎপাদিত মাছ আঞ্চলিক আড়তে পাইকারি বিক্রি করি। আমি অন্যান্য রাজ্যে মাছ সরবরাহের ব্যবসা করতে চাই। এ ব্যাপারে তথ্য-পরামর্শের জন্য কোথায় যোগাযোগ করতে পারি? —সুদীপ্ত সাঁতরা, শ্যামনগর, উত্তর ২৪ পরগনা।*

□□ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এইসব ঠিকানায়: (১) রাজ্য মৎস্য উন্নয়ন নিগম, বিকাশ ভবন, নর্থ ব্লক, দ্বিতীয় তল, কলকাতা-৯১। ফোন: ২৩৫৮-৩১২৩। (২) অফিস অব দি ডেপুটি ডিরেক্টর অব ফিশারিজ, পৈলান, ডায়মন্ড হারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-১০৪। ফোন: ২৪৯৭-৮২০৯। সহায়তা পেতে পারেন এই ঠিকানা থেকেও: মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি, জিন্দাল টাওয়ার, চতুর্থ তল, ব্লক-বি, ২১/১এ/৩, দরগা রোড (পার্ক সার্কাস), কলকাতা। ফোন: ২২৮৭-৫৯০৮।

□ *চায়ের ব্যবসা করতে চাই। পাইকারি দরে চা কিনতে চাই। শিলিগুড়ি থেকে কিনতে পাব কি? —রহমান আলি, খড়গ্রাম, মুর্শিদাবাদ।*

□□ হ্যাঁ, শিলিগুড়ি থেকে পাইকারি দরে চা কিনতে পাবেন। পাইকারি চা ব্যবসায়ীদের ঠিকানা, ফোন নম্বর পাবেন এই ওয়েবসাইটে: www.dir.indiamart.com/siliguri/ctc-tea

□ *পোট্যাটো চিপস তৈরির মেশিনের দাম কেমন হতে পারে? কোথায় মেশিন কিনতে পাওয়া যাবে? —গণেশচন্দ্র হালদার, খানাকুল, হুগলি-৭১২ ৪০৬।*

□□ পোট্যাটো পিলার, কাটিং মেশিন, ডিজেল ওভেন, অয়েল হাইড্রো মেশিন ও মিক্সার মেশিন নিয়ে পোট্যাটো চিপস তৈরির পূর্ণাঙ্গ ব্যবস্থা। মোটর-সহ সবক’টি মেশিনের সামগ্রিক দাম কমবেশি দেড় লক্ষ টাকা। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে পোট্যাটো চিপস তৈরির মেশিন কিনতে পাওয়া যাবে।

□ *সফট টয় তৈরি শেখানোর একটি ভালো প্রতিষ্ঠানের ঠিকানা জানাবেন। আমি শিখতে চাই। —আলেয়া খাতুন, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইনস্টিটিউট অব টয় মেকিং টেকনোলজিতে আধুনিক পদ্ধতিতে সফট টয় তৈরি শেখানো হয়। ঠিকানা: ডি এন-থ্রি, সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ৯৮৩৬০-৬২৩৩৭।

□ *এ বছর উচ্চমাধ্যমিক পাশ করেছি। এখন বি এ পড়ছি। ভবিষ্যতে একটি কৃষিখামার গড়ার পরিকল্পনা রয়েছে। বাগিচা, মাছের চাষ, হাঁস-মুরগি পালন ইত্যাদি নিয়ে আধুনিক একটি খামার গড়ার পরিকল্পনা রয়েছে। পারিবারিক জমি ও পুকুর রয়েছে। সেখানেই খামার গড়ার কথা ভেবেছি। কিন্তু আধুনিক চাষ পদ্ধতি, হাঁস-মুরগি পালনের বিজ্ঞান-সম্মত পদ্ধতি জানা নেই। হিউম্যানিটিজের ব্যাকগ্রাউন্ড থেকে আমি কি চাষ-আবাদের প্রশিক্ষণ নিতে পারব? যদি সেই ব্যবস্থা থাকে, তবে আমাকে প্রশিক্ষণকেন্দ্রের ঠিকানা জানাবেন। —প্রতীক দত্ত, সিউড়ি, বীরভূম-৭৩১ ১০১।*

□□ রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দিরে কৃষি, মাছের চাষ, হাঁস-মুরগি পালন, পশুপালন, খাদ্য-প্রক্রিয়াকরণ ইত্যাদির সম্মিলিত প্রশিক্ষণ দেওয়া হয়। ১০ মাসের আবাসিক প্রশিক্ষণ এটি। প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকাখাওয়া-সহ ১০ মাসের প্রশিক্ষণের খরচ ৫০০ টাকা। একসঙ্গে অনেকগুলো বিষয়ে প্রশিক্ষণ নেওয়ার জন্য এটি একটি ভালো কোর্স। মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যায়। মার্চ মাস নাগাদ প্রশিক্ষণের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি বেরলে তবেই আবেদন করা যাবে। যোগাযোগের ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির, পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। ফোন: ২৬৫৪- ৮৯০৮।

□ *এগ্রি হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় প্রতিবছরই ফ্লাওয়ার শো আয়োজিত হয়। পরবর্তী প্রদর্শনী কোন সময়ে আয়োজিত হবে? আমি ফুল-গাছের ব্যবসা করি। এই সংস্থার ফুলের প্রদর্শনী দেখতে চাই। সোসাইটি থেকে ফুলগাছের চারা কেনা যায় কি? —রানা সেনগুপ্ত, শ্রীরামপুর, হুগলি-৭১২ ২০১।*

□□ এগ্রি হর্টিকালচারাল সোসাইটির শীতকালীন ফ্লাওয়ার শো আয়োজিত হবে ৫-৮ জানুয়ারি এবং বার্ষিক ফ্লাওয়ার শো আয়োজিত হবে ৯-১২ ফেব্রুয়ারি। সোসাইটি থেকে নানা ধরনের ফুলগাছের চারা কিনতে পাওয়া যায়। যোগাযোগের ঠিকানা: ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-৩৫৮০।

□ *আমি তফসিলি জাতিভুক্ত তরুণী। খুব কষ্ট করে উচ্চমাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করতে পেরেছি। পারিবারিক আর্থিক পরিস্থিতি খারাপ বললেও কম বলা হয়। একটা সেলাই মেশিন থাকলেও কিছু কাজ করতে পারতাম। আমি কি কোনও সংস্থা থেকে কিছু টাকা ঋণ হিসেবে পেতে পারি? পাওয়া গেলে ছোট কোনও ব্যবসা করতে পারি। —সুচিত্রা মণ্ডল, বিরামপুর, মালদা-৭৩২ ২০৭।*

□□ তফসিলি জাতিভুক্ত তরুণী হিসেবে আপনি তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন ও বিত্ত নিগমের মহিলা সমৃদ্ধি যোজনার আওতায় ঋণের জন্য আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় গ্রামের প্রার্থীদের ক্ষেত্রে ৪০,৫০০ টাকা এবং শহরাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৫১,৫০০ টাকার মধ্যে থাকলে তবেই মহিলা সমৃদ্ধি যোজনার আওতায় ঋণের জন্য আবেদন করা যায়। এই প্রকল্প থেকে সর্বোচ্চ ৩০ হাজার টাকা ঋণ পাওয়া যায়। এর মধ্যে সর্বোচ্চ ১০ হাজার টাকা অথবা ঋণের অঙ্কের ৫০% (যে অঙ্কটি কম) ভরতুকি হিসেবে পাওয়া যায়। বাকি টাকা ৩ শতাংশ সুদ-সহ পরিশোধ করতে হয়। যোগাযোগের ঠিকানা: সি এফ ব্লক, ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৬৪। ফোন: (০৩৩) ৪০২৬-১৫০০/ ১৫০৫/ ১৫০৯।

□ *ভালো মানের কুকিজ তৈরি করতে চাই। কোথাও শেখার সুযোগ আছে কি? —তপনকুমার সামন্ত, বহরমপুর, মুর্শিদাবাদ-৭৪২ ১০১।*

□□ কলকাতার তারাতলায় অবস্থিত ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে বেকারিজাত বিভিন্ন খাদ্য তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। বিভিন্ন রকমের রুটি, বিস্কুট, কুকিজ, প্যাসট্রি ইত্যাদি তৈরি শেখানো হয়। ৮ সপ্তাহের প্রশিক্ষণ। বিজ্ঞপ্তি বেরলে ভর্তির জন্য আবেদন করা যাবে। ঠিকানা: পি-১৬, তারাতলা রোড, কলকাতা-৭০০ ০৮৮। ফোন: ২৪০১-৪১২৪/ ৪২১৮। ওয়েবসাইট: www.ihmkolkata.org

6-8 মাসের মধ্যে সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের গ্যারান্টি দিচ্ছে “itee”। নতুন ব্যাচ শুরু হচ্ছে।
B.TECH, DIPLOMA & I.T.I. পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ।
PSC-JE, SSC-JE, SAIL, DCL, TCL, NS, DRDO, KMC, BSNL ইত্যাদি।
itee দমদম 9830859046
বারাসাত 9804820827
R.R.B (ALP + TECHNICIAN) & (JE-SSE) - এর জন্য পৃথকভাবে ক্লাস শুরু হয়েছে। প্রতি সপ্তাহে ONLINE MOCK TEST - এর ব্যবস্থা আছে।

Coaching for Diploma Engineers
Civil / Electrical / Mechanical
W. B. Public Service Commission
Junior Engineer Exam 2018
Class: Sat & Sun
Course: 2 months
Starting: 30th Dec.'17
Classroom / Postal
AUROBINDA TUTORIALS
(033) 24290207
(033) 24290109

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*সফলভাবে এগিয়ে চলার জন্য একটা স্থির লক্ষ্যের দরকার হয়। একজন সফল যোদ্ধা একজন সাধারণ মানুষ-ই, তবে তাঁর লক্ষ্যটা সব পরিস্থিতিতেই অবিচল থাকে।*

— ব্রুস লি

(কিংবদন্তি মার্শাল আর্টিস্ট)

**✓ *মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। ডিপ্লোমায় ৭২ শতাংশ নম্বর আছে। চাকরির খোঁজ শুরু হয়েছে। সরকারি চাকরিতেই আগ্রহ। চাকরির খোঁজ দেওয়ার অনুরোধ জানাই।***

*সিদ্ধার্থ ঘোষ, বাকসাড়া, হাওড়া-৭১১ ১১০।*

☐ মেকানিক্যাল শাখার ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের চাকরির সুযোগ-সম্ভাবনা খুবই ভালো। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। সরকারি বিভিন্ন সংস্থাতেই চাকরির সুযোগ আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গ সরকারে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখা থেকে বেশকিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেওয়া হবে। 'কর্মক্ষেত্র'-র ১৫ ডিসেম্বর সংখ্যায় 'পশ্চিমবঙ্গ সরকারে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত তথ্য জানানো হয়েছে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। ৩ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbonline.gov.in অনলাইন দরখাস্ত করার আগে একই ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। এটি এককালীন নথিভুক্তির ব্যবস্থা। একবার রেজিস্ট্রেশন করালে সেই ইউজার আই ডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে রাজ্য সরকারের বিভিন্ন চাকরির জন্য পি এস সি-র প্রার্থী বাছাই পরীক্ষায় বসার আবেদন করা যাবে।

> পশ্চিমবঙ্গ সরকারে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখা থেকে বেশকিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেওয়া হবে। 'কর্মক্ষেত্র'-র ১৫ ডিসেম্বর সংখ্যায় 'পশ্চিমবঙ্গ সরকারে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। সম্পূর্ণতই সরকারি, রাষ্ট্রায়ত্ত ও সরকারি বিভিন্ন আন্ডারটেকিং সংস্থায় চাকরির সুযোগ রয়েছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, নানা সংস্থায় চাকরির খবর পাবেন।

**✓ *ইংরেজি সাহিত্যের গ্র্যাজুয়েট। সাহিত্য ও ভাষা বিষয়ে পড়াশোনার পাশাপাশি কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়েও যথেষ্ট আগ্রহ রয়েছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা করেছি। বর্তমানে চাকরির চেষ্টা চলছে। চাকরির খোঁজখবর দেবেন।***

*অভিষেক মাইতি, আর্দালি বাজার, উত্তর ২৪ পরগনা-৭০০ ১২০।*

☐ স্নাতক যোগ্যতার বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারবেন। শিক্ষাগত যোগ্যতা অনুসারে দু'-তিনটি পছন্দের চাকরি বাছাই করে সেই সব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। কম্পিউটারের জ্ঞান কাজে লাগবে কাজের ক্ষেত্রে। অ্যাসিস্ট্যান্টের চাকরির ক্ষেত্রে বিশেষ জোর দিতে পারেন। এই পদের চাকরিতে ইংরেজির জ্ঞানের সঙ্গে কম্পিউটারের দক্ষতা কাজে লাগে।

***এখনই আবেদন করতে পারেন:*** ছত্তিশগড়ের রায়পুরে অবস্থিত অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে (এইমস) কিছু অফিস অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। কম্পিউটারের দক্ষতা একটি আবশ্যিক যোগ্যতা এই পদের ক্ষেত্রে। 'কর্মক্ষেত্র'-র ১৫ ডিসেম্বর সংখ্যায় 'রায়পুর এইমসে ১৯৭ গ্রুপ 'সি' ও 'বি'' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১২ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsraipur.edu.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admin/ Rec./ Regular/ Group 'c'/ 10/ 2017/ AIIMS. RPR/ 2156.

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। উল্লেখ্য, শুধু গ্র্যাজুয়েট যোগ্যতাতেই এই পদে আবেদন করা যায়। কাজের ক্ষেত্রে আপনার কম্পিউটারের জ্ঞান কাজে লাগবে। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। লোকসভায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পশ্চিমবঙ্গের পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। বসতে পারবেন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কের অফিসার, অফিস অ্যাসিস্ট্যান্ট পদের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষাতেও।

**✓ *কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ। একটি নার্সিং হোমে চাকরি করি। বয়স ২৩ বছর। সরকারি চাকরি করতে চাই। কিন্তু কী কী চাকরির জন্য আমি দরখাস্ত করতে পারব, সে-বিষয়ে স্পষ্ট ধারণা নেই। আমাকে এ বিষয়ে জানালে উপকৃত হব।***

*সঞ্জয় মণ্ডল, গোলাপবাগ, বর্ধমান-৭১৩ ১০৪।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরি আছে। চাকরি বাছাই করে সেই চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ সংস্থা ফিল্ড অ্যামিউনিশন ডিপোয় ১৫০জন ট্রেডসম্যান মেট নেওয়া হবে। আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৫ ডিসেম্বর সংখ্যায় 'অ্যামিউনিশন ডিপোয় ১৬৪ ট্রেডসম্যান মেট, ফায়ারম্যান' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.indianarmy.nic.in, www.ncs.gov.in ৫ জানুয়ারির মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে সংস্থার ঠিকানায়।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। টাইপিং বা স্টেনোগ্রাফি শিখে নিলে চাকরির সুযোগ-সম্ভাবনা বাড়বে।

**✓ *স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। কোথায় ট্রেনিং নেওয়ার সুযোগ আছে জানতে চাই।***

*সব্যসাচী বসু, খড়্গপুর, পশ্চিম মেদিনীপুর।*

☐ ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ারদের জন্য অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের সুযোগ বেড়েছে সাম্প্রতিককালে। আপনার ডিসিপ্লিনেও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়ার সুযোগ আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** গার্ডেনরিচ শিপ বিল্ডার্স টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে বিভিন্ন ডিসিপ্লিনের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং হবে। ট্রেনিংয়ের ব্যবস্থা রয়েছে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের জন্যও। ফলে আপনি ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৫ ডিসেম্বর সংখ্যায় 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্সে ২৬১ অ্যাপ্রেন্টিস' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ট্রেনিং চলাকালীন মাসে ৮,০০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। ২০১৫-র আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে অথবা কোনও সংস্থায় এক বছর চাকরি করে থাকলে কিন্তু ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করা যাবে না। দরখাস্ত করার আগে রেজিস্ট্রেশন করাতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in রেজিস্ট্রেশন নম্বরটি টুকে রাখবেন। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণ করার পরে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.grse.nic.in ২৭ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে।

***পরে আবেদন করতে পারবেন:*** মাজাগন ডক, কোচিন শিপইয়ার্ড, গোয়া শিপইয়ার্ড, হিন্দুস্তান শিপইয়ার্ড, মুম্বই ও বিশাখাপত্তনমের ন্যাভাল ডকইয়ার্ড, ইন্ডিয়ান অয়েল, হিন্দুস্তান পেট্রোলিয়াম প্রভৃতি সংস্থা সময়ে সময়ে ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ারদের জন্য অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের আয়োজন করে। এরকম ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি বেরলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়ে থাকে।

**✓ *মাধ্যমিক পরীক্ষা দিতে পারিনি বিভিন্ন কারণে। বর্তমানে বয়স ২২ বছর। ক্লাস নাইন পাশ। নানা রকমের কাজ করেছি। গাড়ি চালাতে জানি। লাইট ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স আছে। আমার পক্ষে কি কোনওভাবে সরকারি চাকরি পাওয়া সম্ভব?***

*তপন দত্ত, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা-৭০০ ১৫০।*

☐ অসম্ভব নয়। যথাযথ প্রচেষ্টা থাকলে সরকারি চাকরি হতে পারে। পশ্চিমবঙ্গ সরকার ও আঞ্চলিক প্রশাসনের চাকরির ওপর জোর দিতে হবে। একটু পড়াশোনাও করতে হবে চাকরির পরীক্ষার জন্য। ইংরেজি, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল নলেজ ও রিজনিং বিষয়ে পড়াশোনা করুন।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গের বিভিন্ন পুরসভা, জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিতে পিওন, হেল্পার, মজদুর প্রভৃতি পদে লোক নেওয়া হয়। এ ধরনের চাকরির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়। সাধারণত এই পদগুলির জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। ফলে আপনি এই পদগুলিতে আবেদন করতে পারবেন।

## নিজেকে নিজেই জরিপ করুন আগে



**নীলাদ্রি বিশ্বাস**

কো-অর্ডিনেটর, ডিপার্টমেন্ট অব অ্যাডাল্ট কন্টিনিউয়িং এডুকেশন অ্যান্ড এক্সটেনশন, কল্যাণী বিশ্ববিদ্যালয়

'কর্মক্ষেত্র'-র পাঠকবন্ধুদের প্রথমেই বলতে চাইব আপনারা নিজেদের একটু বিচার-বিশ্লেষণ করে দেখুন। কোন কোন দিক থেকে আপনি এগিয়ে আছেন এবং কোন কোন দিক থেকে পিছিয়ে। দুর্বলতার দিকগুলো যত দ্রুত সম্ভব মেরামত করে নিতে হবে। একটা উদাহরণ দেওয়া যাক, কেউ হয়তো স্টেনোগ্রাফি শিখছেন। এখন কথা হল, শর্টহ্যান্ডে ইংরেজি ডিক্টেশন লেখার জন্য ইংরেজিটাও ভালো জানতে হয়। প্রথমত, ডিক্টেশনের কথাগুলো বুঝতে হয়, তারপর শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন ইংরেজিতে টাইপ করতে হয় এবং সঠিক বানানে লিখতে হয়। তাহলে শুধু শর্টহ্যান্ড ও টাইপিংয়ের গতি বাড়ালেই চলবে না, যাঁরা ইংরেজিতে দুর্বল, তাঁদের ভালো স্টেনোগ্রাফার হওয়ার জন্য ইংরেজিটাও শিখতে হবে। আসলে কর্মজীবনের সূচনা ঘটানোর জন্য একটা সচেতন পরিকল্পনার প্রয়োজন রয়েছে বলে মনে করি। প্রচুর ছেলেমেয়েকে গ্র্যাজুয়েশনের পরে দিশাহীন হয়ে পড়তে দেখি। এটা ঠিক কথা যে, স্নাতকের পরে বিভিন্ন চাকরির জন্য আবেদন করার অধিকার পাওয়া যায়। কিন্তু চাকরির দরখাস্ত করা আর চাকরি পাওয়ার মধ্যে তো আকাশ-পাতাল দূরত্ব। খুব কম নম্বর পেয়েও একজন গ্র্যাজুয়েট হওয়ার সম্মান পেতে পারেন। কিন্তু চাকরির পরীক্ষায় তো এ রকম সুযোগ পাওয়া যাবে না। সেখানে তীব্র প্রতিযোগিতা। সময় নিয়ে যাঁরা একটা চাকরির জন্য নিজেদের প্রস্তুত করেন, তাঁরাই সেই চাকরিটি পাওয়ার প্রধান দাবিদার হবেন। ফলে চাকরি পেতে হলে নির্দিষ্ট চাকরিটির পরীক্ষার জন্য নিজেকে প্রস্তুত করতেই হবে। এর কোনও বিকল্প নেই।

আমাদের বিভাগে চাকরি ও স্বনিযুক্তি সহায়ক নানা হাতের কাজের প্রশিক্ষণ দেওয়া হয়। লক্ষ করে দেখেছি, যে ছেলেটি হয়তো টেনেটুনে কোনওরকমে গ্র্যাজুয়েট হয়েছে, সে-ই হাতের কাজের প্রশিক্ষণে দারুণ ফল করল। আরেকটু সময় দিলে ছেলেটি হয়তো আরও দক্ষ হয়ে উঠত তার হাতের কাজে। সে স্বনিযুক্ত হতে পারত তাড়াতাড়ি। উচ্চমাধ্যমিক পড়ার সময়ে ছাত্রছাত্রীদের পরবর্তী পদক্ষেপ নিয়ে কাউন্সেলিং করাতে পারলে খুব ভালো হয়। আমি এ রকম ছেলেমেয়ে দেখেছি, যাঁরা দূরশিক্ষায় গ্র্যাজুয়েশন করেছেন। বেঁচে যাওয়া সময়টায় পেশাদারি প্রশিক্ষণ নিয়ে নিজেদের নানাপ্রকার চাকরির বা ব্যবসার উপযোগী করে তুলেছেন। এঁদের অনেকেই জীবনে সফলও হয়েছেন এবং তুলনামূলকভাবে তাড়াতাড়িই সাফল্যের মুখ দেখেছেন।

আসলে, অনেককিছুই আপনাকে জানতে হবে কর্মজীবনের পথ খুঁজে পাওয়ার জন্য। কিন্তু সবার আগে জেনেবুঝে নিতে হবে নিজেকে। কত রকমের কাজ চলছে চারিদিকে। আপনিও কোনও একটি কাজের উপযোগী। কিন্তু কেমন কাজের উপযোগী, কেমনভাবে তৈরি হলে সেই কাজটির জন্য আপনি দক্ষ হয়ে উঠবেন, কীভাবে প্রস্তুতি নেওয়া যায়— এই বিষয়গুলো নিয়ে মূলত আপনাকেই ভেবে দেখতে হবে। আপনার কর্মজীবনটা আপনাকেই নিয়ন্ত্রণ করতে হবে। তাহলে কর্মজীবনের জন্য প্রস্তুতির দায়িত্বটাও আপনার। সঠিক প্রস্তুতি থাকলে কাজও আছে আপনার জন্য।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?

✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন?

✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। নথিপত্রের কপি পাঠাবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

### GCD এবং LCM

এবার আমরা GCD এবং LCM বের করব Formulas-এর সাহায্যে। GCD বের করতে হলে—

⇨ Formulas ট্যাবে যান।

⇨ Math & Trig-এ ক্লিক করুন।

⇨ GCD-তে ক্লিক করুন।

⇨ 'Functions Arguments' Dialog box খুলবে। আগের 'Functions Arguments' Dialog box-এর মতো এখানেও Number1 থেকে শুরু করে Number255 পর্যন্ত আপনি value Add করতে পারবেন এবং তাদের গ.সা.গু বের করতে পারবেন। আবার Number1-এ কমা (,) ব্যবহার করেও সংখ্যার গ.সা.গু নির্ণয় করতে পারেন।

এখানে 10, 15 এবং 20-র গ.সা.গু নির্ণয় করতে চাইছি—







Number1-এর ঘরে লিখতে পারি— 10, 15, 20

অথবা,

Number 1⟶ 10

Number 2⟶ 15 এবং

Number 3⟶ 20

এইভাবেও চাইলে লিখতে পারি। Formula result-এ উত্তর আসবে '5'।




একইরকম ভাবে Formulas-এর সাহায্যে LCM-ও নির্ণয় করতে পারি।

⇨ Formulas⟶ Math & Trig⟶ LCM⟶ Function Arguments

⇨ ধরুন, 10, 15 এবং 20-এর ল.সা.গু বের করতে চাইছি। তাহলে Number1-এর ঘরে লিখতে পারি— 10, 15, 20







অথবা, Number1-এর ঘরে 10, Number 2-এর ঘরে 15 এবং Number 3-এর ঘরে 20— এইভাবেও লিখতে পারি। Formula Result আসবে 60।




### PI

আমরা যেহেতু Math নিয়ে আলোচনা করছি, তাই আমাদের অল্পবিস্তর Math-ও জানতে হবে। আমরা যারা Math করেছি, তারা জানি, 'PI' কী!

PI হল যে-কোনও বৃত্তের পরিধি এবং ব্যাসের Ratio এবং এর মান হল 3.142।

Excel-এ কী করে এর মান বের করব দেখে নিই—

⇨ যে-কোনও একটি Cell-কে select করুন, যেখানে আপনি PI-এর মান বের করতে চান।

⇨ এবার Formula Bar-এ লিখুন =PI() এবং 'Enter' key press করুন।

⇨ দেখুন result আসবে 3.1415927




# কম্পিউটারজিজ্ঞাসা



□□ কম্পিউটারে অনেক প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ রয়েছে। আপনাকে ঠিক করতে হবে কোন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজটি আপনি শিখতে চান। আপনি যাদবপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিকস অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি-তে যোগাযোগ করতে পারেন। এখানে প্রোগ্রামিং, ওয়েব ডিজাইনিং সহ কম্পিউটারের বিভিন্ন বিষয়ে কোর্স করানো হয়।

স্নাতক হওয়ার পর কম্পিউটারের একটি ডিপ্লোমা কোর্স করেছি। সরকারি দপ্তরে ডেটা এন্ট্রি অপারেটরের একটি কাজ করছি। এরপর প্রোগ্রামিং এবং ওয়েব ডিজাইনিং শিখতে চাইলে কোথায় শিখতে পারি? —হিমাদ্রী সেন, পলতা উত্তর ২৪ পরগনা।

কম্পিউটারের কনফিগারেশন ফাইলের কার্যপ্রণালী কী রকম? —সংঘমিত্রা পাল, কলকাতা-৪।

□□ কম্পিউটারের কনফিগারেশন ফাইল তৈরি হয় অপারেটিং সিস্টেমের মাধ্যমে। এই ফাইলে কনফিগারেশন ইনফর্মেশন থাকে। ফলে একটি computing environment তৈরি হয়। DOS বা ডিস্ক অপারেটিং সিস্টেমের config.sys ফাইলে বেশকিছু কম্যান্ড সন্নিবেশিত থাকে যার ভিত্তিতে অপারেটিং সিস্টেমটি কাজ করে।




এখন যদি মনে করি, Formulas থেকে PI-এর মান বের করব, তাহলে—

⇨ Formulas-এ যান।

⇨ Math & Trig-এ ক্লিক করুন।

⇨ PI-এ ক্লিক করুন।

⇨ 'Function Arguments'-এর ডায়ালগ বক্সটি খুলে যাবে।

⇨ Accurate 15 digit-এর PI-এর মান দেখতে পাবেন এবং Formula result-এ পাবেন '=3.141592654' এই মানটি।







*ক্রমশ*

বাসুদেব চট্টোপাধ্যায়

RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের নিঃশব্দ বিপ্লব ঘটানো প্রতিষ্ঠান।

ITI, Diploma & B.Tech পাশদের সরকারি চাকরির কোচিং-এর পশ্চিমবঙ্গের সফলতম প্রতিষ্ঠান

RAIL (SSE,JE,ALP,Tech etc.), OFB, BSNL, DRDO, SAIL, BHEL, MES, DCL, TCL, PDCL, SSC, PSC, MTS etc.

মাসিক মাইনে ও হোস্টেলের ব্যবস্থা আছে। প্রতিদিন খোলা (8am -5pm)

তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল® Govt. Regd.

ভদ্রেশ্বর, জেলা ঃ হুগলি আমাদের কোনো শাখা নেই

M.: 8820022385, 9681026768

বিশেষজ্ঞ সুকুমার পালের গাইডেন্স ও টিপস নিয়ে সফল হোন

Technical & Non-Technical Batch-এ ভর্তি চলছে

নতুন Batch শুরু 2nd JAN'18 (12 PM) থেকে।

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার



# জীবিকাজিজ্ঞাসা

**এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে ‘জীবিকাজিজ্ঞাসা’ কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

## পি এস সি

□ ***পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন*** *কর্তৃক আয়োজিত ‘ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস’ পরীক্ষার গ্রুপ ‘ডি’ পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা কি সম্প্রতি পরিবর্তিত হয়েছে? বিস্তারিত জানাবেন। —কাবেরী বিশ্বাস, তমলুক।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত ডব্লু বি সি এসের ‘ডি’ গ্রুপ পদের প্রার্থীদের বয়সের ঊর্ধ্বসীমা সম্প্রতি বাড়িয়ে ৩৯ বছর করা হয়েছে। তফসিলি, ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যের অর্থ দপ্তরের ১৩-২-২০১৭ তারিখে জারি করা বিজ্ঞপ্তি নম্বর ৮৭৫-এফ (পি) অনুসারে ডব্লু বি সি এসের ‘ডি’ গ্রুপের প্রার্থীদের এই পরীক্ষায় বসার বয়সের ঊর্ধ্বসীমা বাড়ানো হয়েছে। ওয়েবসাইট: www.pscwb.org.in

## উচ্চশিক্ষা

□ ***‘ক্যাট’ পরীক্ষার মাধ্যমে কোন কোন*** *আই আই এমে ভর্তি হওয়া যায়? এক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —দিব্যেন্দু হাজরা, বেহালা।*

□□ কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) পরীক্ষার মাধ্যমে ভর্তি হওয়া যাবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (আই আই এম)-এর ১৯টি কেন্দ্রে। কেন্দ্রগুলি হল: কলকাতা, আমেদাবাদ, অমৃতসর, বেঙ্গালুরু, বোধগয়া, ইন্দোর, কাশীপুর, কোঝিকোড়, লখনউ, নাগপুর, রায়পুর, রাঁচি, রোহতক, সম্বলপুর, শিলং, সিরমাউর, তিরুচিরাপল্লি, উদয়পুর, বিশাখাপত্তনম। ‘ক্যাট’ পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি থাকতে হবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.iimcat.ac.in

□ ***ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, বি আর্ক,*** *বি প্ল্যানিংয়ের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তির সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন)-এর দিন কি ঘোষণা হয়েছে? পরীক্ষাপদ্ধতি ও বিস্তারিত সিলেবাস সম্পর্কে জানাবেন। —সৈকত ঘোষ, চিড়িয়া মোড়।*

□□ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের (মেন) খাতায়-কলমে পরীক্ষা ৮ এপ্রিল। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ১৫ ও ১৬ এপ্রিল। খাতায়-কলমে পরীক্ষা হবে দুই অর্ধে। সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১২টা প্রথম পত্রের (বি ই/বি টেক) এবং দুপুর ২টো থেকে বিকেল ৫টা দ্বিতীয় পত্রের (বি আর্ক/বি প্ল্যানিং) পরীক্ষা। যাঁরা দুই শাখার জন্যই পরীক্ষা দিতে চান তাঁদের দু’টি পত্রের পরীক্ষাই দিতে হবে। প্রথম পত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স এবং দ্বিতীয় পত্রে ম্যাথমেটিক্স, অ্যাপ্টিটিউড টেস্ট ও ড্রয়িং টেস্ট হবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় নেওয়া হবে শুধু প্রথম পত্রের পরীক্ষা। অর্থাৎ বি ই/বি টেকের পরীক্ষা। এই পরীক্ষাটিও হবে দুই অর্ধে— সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ১২টা এবং দুপুর ২টো থেকে বিকেল ৫টা, উভয় অর্ধেই পরীক্ষার ব্যবস্থা থাকবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.jeemain.nic.in

## কোর্স, ট্রেনিং

□ ***যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হিউম্যান*** *রাইটস এডুকেশনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়তে চাই। বিস্তারিত জানালে উপকৃত হব। —নীল বসু, বালি, হাওড়া।*

□□ হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ এডুকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা: ৫০। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্স ফি: ৮,০০০ টাকা। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২২ ও ২৬ ডিসেম্বর। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। ফি বাবদ নগদ ৫০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন অফিস থেকে। পূরণ করা আবেদনপত্র ২০ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The Head, Department of International Relations, Jadavpur University, 188, Raja Subodh Mallick Road, Kolkata-700 032. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

□ ***পশ্চিমবঙ্গের প্রাণীসম্পদ ও প্রাণী*** *স্বাস্থ্য ডিরেক্টরেটের উদ্যোগে প্রাণীসম্পদ বিকাশ প্রশিক্ষণের ১ বছরের সার্টিফিকেট কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? কোন কোন কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে? —জীবন পারুই, নদিয়া।*

□□ পশ্চিমবঙ্গের প্রাণীসম্পদ ও প্রাণী স্বাস্থ্য ডিরেক্টরেটের উদ্যোগে রাজ্যের তিনটি প্রশিক্ষণকেন্দ্রে প্রাণীসম্পদ বিকাশ বিষয়ে ১ বছরের সার্টিফিকেট কোর্সে ট্রেনিং দেবে। তার মধ্যে দু’টি কেন্দ্রই আপনার জেলায়। কিন্তু নিয়মানুসারে নদিয়াবাসী হিসেবে আপনি নির্দিষ্ট একটি কেন্দ্রেই শুধু আবেদন করতে পারবেন। প্রশিক্ষণকেন্দ্রের ঠিকানা: অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্ট (এ এ আর এম), আমতলা, সিমহাট, হরিণঘাটা, নদিয়া। দেখুন এই ওয়েবসাইট: www.darahwb.org

□ ***মুম্বইয়ের ন্যাভাল ডকইয়ার্ডে টেলর*** *ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? আর অন্য কোনও শর্ত আছে কি? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অনিন্দ্য ঘোষ, লাভপুর, বীরভূম।*

□□ মুম্বইয়ের ন্যাভাল ডকইয়ার্ডে টেলর ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা ক্লাস এইট পাশ। সঙ্গে ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে ৬৫ শতাংশ নম্বর-সহ আই টি আই কোর্স পাশ। সোয়িং টেকনোলজি ও ড্রেস মেকিং ট্রেডে আই টি আই পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫০ সেমি। অন্তত ৪৫ কেজি ওজন হতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলাতে পারা চাই। দৃষ্টিশক্তি ৬/৬ থেকে ৬/৯ এর মধ্যে হতে হবে (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)। ২৯ ডিসেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhartiseva.com

□ ***যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পর্তুগিজ*** *ভাষায় সার্টিফিকেট কোর্স করতে চাই। কবে নাগাদ ভর্তি হওয়া যাবে? বিস্তারিত জানাবেন। —জয়ন্ত প্রামাণিক, কুলতলি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পর্তুগিজ ভাষার সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স। এখনই আবেদন করতে পারেন। কোর্স শুরু হবে জানুয়ারিতে। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় অন্তত উচ্চমাধ্যমিক। কোর্স ফি: ৩,০০০ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ১০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের এনকোয়ারি অফিস থেকে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৮ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Information Counter, Jadavpur University, 188, Raja Subodh Chandra Mallick Road, Kolkata-700 032. ওয়েবসাইট: www.jaduniv.edu.in

## অন্যান্য চাকরি

□ ***ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক*** *রিক্রুটস ব্যাচে শেফ পদে আবেদন করতে চাই। এক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —অচিন্ত্য মণ্ডল, ইসলামপুর, উত্তর দিনাজপুর।*

□□ ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক রিক্রুটস ব্যাচে শেফ পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ ভালো চোখে ৬/৯, খারাপ চোখে ৬/১২। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং শারীরিক সক্ষমতার মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে। সময়সীমা ৩০ মিনিট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠবস), ১০টি পুশ-আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ ***পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও*** *পরিবারকল্যাণ দপ্তরে ফুড সেফটি অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —প্রিয়ম দত্ত, কলকাতা।*

□□ পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরে ফুড সেফটি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফুড টেকনোলজি বা ডেয়ারি টেকনোলজি বা বায়োটেকনোলজি বা অয়েল টেকনোলজি বা এগ্রিকালচারাল সায়েন্স বা ভেটেরিনারি সায়েন্স বা বায়োকেমিস্ট্রি বা মাইক্রোবায়োলজি বা মেডিসিনে স্নাতক। অথবা কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbhrb.in

□ ***আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার*** *যোগ্যতানির্ণায়ক পরীক্ষায় পলিটিক্যাল সায়েন্সে টি জি টি পদের জন্য আবেদন করতে চাই। এক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? এই পরীক্ষায় পাশ করলে কোনও চাকরি পাওয়া যাবে কি? —অণিমা পোদ্দার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার যোগ্যতানির্ণায়ক পরীক্ষা ‘কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন’ (সি এস এস ই)-এ পলিটিক্যাল সায়েন্সে ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক। সেই সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ ব্যাচেলর অব এডুকেশন অথবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড)। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক। সেই সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড। নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ বি এড। মনে রাখবেন, সি এস এস ই কোনও চাকরির পরীক্ষা নয়। এই পরীক্ষায় সফল হলে দেশের সমস্ত সেনাবাহিনী-পরিচালিত স্কুলে শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। তবে কোনও ক্ষেত্রেই সি এস এস ই-তে সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। এই পরীক্ষার সার্টিফিকেট রেজাল্ট ঘোষণার পর থেকে ৩ বছর পর্যন্ত বৈধ থাকবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.awesindia.com

□ ***ইতিহাসে পি জি টি পদের জন্য*** *আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা ‘কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন’-এ আবেদন করেছি। পরীক্ষার দিন কি ঘোষণা করা হয়েছে? লিখিত পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি কী কী? —তাপস সাহা, বাঁকুড়া।*

□□ ‘কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন’ অনলাইন পরীক্ষা হবে ১৫, ১৬ এবং ১৭ জানুয়ারি। দু’টি পত্রের পরীক্ষা। তবে আপনি যদি শুধু প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতা করতে চান তাহলে কেবল প্রথম পত্রের উত্তর দিতে হবে। প্রথম পত্রের (৯০ নম্বর) পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন আসবে জেনারেল অ্যাওয়্যারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, মেথডোলজি এবং শিক্ষক শিক্ষণ বিষয়ে। দ্বিতীয় পত্রে (৯০ নম্বর) অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, ব্যারাকপুর, দুর্গাপুর ও শিলিগুড়ি। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.awesindia.com

নাম : ..............................................

ঠিকানা : ..........................................

..........................................................

..........................................................

আপনি কি ‘পেশাপ্রবেশ’ পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

**আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে ‘চাই সুবিচার’ বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:**

**চাই সুবিচার, ‘কর্মক্ষেত্র’, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯**

**ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in**

**পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra**

# প্রাথমিক শিক্ষক: জাতীয় স্তরের পরীক্ষা পাশ করেও রাজ্যে আমরা ব্রাত্য

আমি ‘কর্মক্ষেত্র’ পত্রিকার দীর্ঘদিনের পাঠক। বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে ‘চাই সুবিচার’ অত্যন্ত প্রয়োজনীয় ও প্রাসঙ্গিক একটি বিভাগ। এই পত্রিকায় গত ৮ ডিসেম্বর সংখ্যায় প্রকাশিত পশ্চিম মেদিনীপুরের শ্রী সুমন নন্দীর ‘সি-টেট পরীক্ষাকে প্রাথমিকের টেট পরীক্ষার সমতুল মর্যাদা দেওয়া হোক’ শীর্ষক চিঠির পরিপ্রেক্ষিতে আমার এই চিঠি। সুমনবাবুর বক্তব্যের সঙ্গে আমি সম্পূর্ণ এক মত। উনি গত বছর সি-টেট পাশ করেছেন। সি-টেট হল সি বি এস ই আয়োজিত কেন্দ্রীয় শিক্ষক নির্ণায়ক পরীক্ষার প্রাইমারি লেভেল ‘সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট’। আমি পাশ করেছি দু’বছর হল। সেই সঙ্গে ডি এল এড (ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন) কোর্সও পাশ করেছি। অর্থাৎ প্রাথমিক শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে যে সকল প্রয়োজনীয় যোগ্যতা থাকা প্রয়োজন আমাদের তা সম্পূর্ণরূপেই রয়েছে। আমরা জাতীয় স্তরের সি-টেট-এর মতো কঠিন পরীক্ষায় পাশ করে বসে আছি। তা সত্ত্বেও পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমরা ব্রাত্যই। সি-টেট পরীক্ষার বৈধ শংসাপত্র হাতে নিয়েও কোনও চাকরি আমাদের জোটেনি। শুধু সুমনবাবু বা আমি নই, এ রকম বহু প্রার্থীরই খোঁজ মিলবে পশ্চিমবঙ্গে।

**আমাদের রাজ্যে যেখানে ডি এল এড প্রশিক্ষিত প্রার্থী নেই বলে রাজ্যের মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় জানিয়েছেন, ডি এল এড কোর্স পাশ নয়, শুধুমাত্র কোর্সে ভর্তি হলেই প্রাথমিক শিক্ষকের পদে আবেদন করা যাবে, সেখানে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা-সহ যোগ্যতানির্ণায়ক সি-টেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়ে পড়ানোর জন্য আমি কেন যোগ্য নই, এ প্রশ্ন ওঠা কি অস্বাভাবিক?**

আমাদের রাজ্যে যেখানে ডি এল এড প্রশিক্ষিত প্রার্থী নেই বলে রাজ্যের মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় জানিয়েছেন, ডি এল এড কোর্স পাশ নয়, শুধুমাত্র কোর্সে ভর্তি হলেই প্রাথমিক শিক্ষকের পদে আবেদন করা যাবে, সেখানে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা-সহ যোগ্যতানির্ণায়ক সি-টেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়ে পড়ানোর জন্য আমি কেন যোগ্য নই, এ প্রশ্ন ওঠা কি অস্বাভাবিক? সি-টেট উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা খতিয়ে দেখতে ইন্টারভিউয়ের জন্যও তো ডাকা যেতে পারে। এক বার যোগ্যতা প্রমাণের পরও কেন আমাদের ফের যোগ্যতানির্ণায়ক পরীক্ষায় বসতে হবে? কেন্দ্রীয় পরীক্ষার কি তাহলে কোনও গুরুত্বই নেই বুঝতে হবে? শুধু আমি নই, আমার মতো এরকম বহু প্রার্থী আছেন, যাঁরা জাতীয় স্তরের পরীক্ষায় পাশ করে বেকার জীবনযাপন করছেন। তাঁদের সকলের হয়েই আমি এই অভিযোগ জানাচ্ছি।

মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ, অনুগ্রহ করে আমাদের আবেদনের যথার্থতা বিচার করে প্রাথমিকে নিয়োগের ক্ষেত্রে সি-টেট-কে ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি টেটের সমতুল হিসেবে মর্যাদা দিলে আমার মতো বহু সি-টেট পাশ প্রার্থী উপকৃত হবেন।

**মনোজ কর**, হাওড়া।

## কী শিখবেন, কোথায় শিখবেন

# নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বল্প দৈর্ঘ্যের বৃত্তিমূলক প্রশিক্ষণ

### শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক

স্বল্প দৈর্ঘ্যের বিভিন্ন কোর্সে ভর্তি নেবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। কোর্সগুলি করানো হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার ফর লাইফ লং লার্নিংয়ের বিভিন্ন স্টাডি সেন্টারগুলিতে।

স্টাডি সেন্টার অনুসারে প্রোগ্রামের বিবরণ: **অঞ্জলি অ্যাকাডেমি অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি** (ভি-৫০), সেকেন্ড ফ্লোর, কৃষ্ণ অ্যাপার্টমেন্ট, ৩/এ নিত্যানন্দ নগর, হাওড়া-৭১১ ১০৯। ফোন: ৯৭৪৮০-৫২৩৯৩, ৯৪৩৪৪-৫৩১৪৪। **কোর্সগুলি হল:** (১) বেসিক ট্রেনিং অন নেচারোপ্যাথি, (২) অ্যাডভান্স ট্রেনিং অন নেচারোপ্যাথি, (৩) বেসিক ট্রেনিং অন যোগা, (৪) অ্যাডভান্স ট্রেনিং অন যোগা (ইন্টিগ্রেটেড), (৫) বেসিক ট্রেনিং অন ইন্টিরিয়র ডেকরেশন, (৬) অ্যাডভান্স ট্রেনিং অন ইন্টিরিয়র ডেকরেশন, (৭) ট্রেনিং অন জি এস টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সঙ্গে অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। শুধু ট্রেনিং অন জি এস টি প্রোগ্রামের ক্ষেত্রে স্নাতক স্তরে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। কোনও ট্রেনিং না থাকলেও চলবে। **কোর্সের মেয়াদ:** ট্রেনিং অন জি এস টি প্রোগ্রামের ক্ষেত্রে ৩ মাস, বাকি সবক'টি প্রোগ্রামের ক্ষেত্রে ৬ মাস। **কোর্স ফি:** নেচারোপ্যাথির বেসিক কোর্সের ক্ষেত্রে ৪,০০০ টাকা এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে ৫,০০০ টাকা। যোগার বেসিক কোর্স এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে যথাক্রমে ৫,০০০ টাকা এবং ৫,৫০০ টাকা। ইন্টিরিয়র ডেকরেশনের বেসিক কোর্স এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে যথাক্রমে ৮,০০০ টাকা এবং ১২,০০০ টাকা। ট্রেনিং অন জি এস টি প্রোগ্রামের ক্ষেত্রে ২,৫০০ টাকা।



**অঞ্জলি অ্যাকাডেমি অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি** (ভি-২৭), পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৪৩৪৪-৫৩১৪৪, ৯৭৩৩৯-২৮৬৮৭। **কোর্সগুলি হল:** (১) ট্রেনিং অন ফায়ার অ্যান্ড সেফটি স্কিলস, (২) বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **কোর্সের মেয়াদ:** ৬ মাস। **কোর্স ফি:** ৩,০০০ টাকা।

**অনিন্দ্য যোগা সোসাইটি** (ভি-৩০), ৮এ, ব্যাঙ্ক প্লট, ঢাকুরিয়া, বাবু বাগান, কলকাতা-৭০০ ০৩১। ফোন: ৮০১৭২-৭৬২৪৯, ৯৩৩১৬-০৩৮৫১। **কোর্সগুলি হল:** (১) বেসিক ট্রেনিং অন যোগা, (২) অ্যাডভান্স ট্রেনিং অন যোগা (ইন্টিগ্রেটেড), (৩) বেসিক ট্রেনিং অন স্ট্রেস ম্যানেজমেন্ট, (৪) অ্যাডভান্স ট্রেনিং অন স্ট্রেস ম্যানেজমেন্ট। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সঙ্গে অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** ৬ মাস। **কোর্স ফি:** যোগা বিষয়ে বেসিক কোর্সের ক্ষেত্রে ৫,০০০ টাকা এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে ৫,৫০০ টাকা। স্ট্রেস ম্যানেজমেন্ট বিষয়ে বেসিক কোর্সের ক্ষেত্রে ৫,৫০০ টাকা এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে ৬,০০০ টাকা।

**এ সি ই বিজনেস অ্যাকাডেমি**, মৌলালি, কলকাতা (ভি-৩৩)। ফোন: ৯০৭৩৩-২৩০৭১/২ । শিলিগুড়ি শাখা (ভি-২৮)। ফোন: ৯০৭৩৩-২৩০৭৩। **কোর্স:** ট্রেনিং অন জি এস টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক স্তরে পাঠরতরা আবেদনের যোগ্য। **কোর্সের মেয়াদ:** ৩ মাস। **কোর্স ফি:** ২,৫০০ টাকা।

**ব্রডলাইন ইনফোসার্ভিসেস প্রাইভেট লিমিটেড**, (সি-০১) ৫৭/১, বোসপুকুর, পূর্বপাড়া, কসবা, কলকাতা-১০৭। ফোন: ৮৯৬৭১-১৯৫৯৫। **কোর্সগুলি হল:** (১) কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং, (২) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন ফিনান্স ম্যানেজমেন্ট-বেসিক, (৩) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স ম্যানেজমেন্ট-বেসিক, (৪) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন মার্কেটিং ম্যানেজমেন্ট-বেসিক, (৫) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন জেনারেল ম্যানেজমেন্ট-বেসিক, (৬) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-বেসিক, (৭) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন রিটেল ম্যানেজমেন্ট-বেসিক, (৮) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন অপারেশনস ম্যানেজমেন্ট-বেসিক, (৯) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন ইনফর্মেশন টেকনোলজি-বেসিক, (১০) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন ফিনান্স ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১১) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১২) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন মার্কেটিং ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১৩) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন জেনারেল ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১৪) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১৫) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন রিটেল ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১৬) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন অপারেশনস ম্যানেজমেন্ট-অ্যাডভান্স, (১৭) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন ইনফর্মেশন টেকনোলজি-অ্যাডভান্স, (১৮) এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন, (১৯) ট্রেনিং অন জি এস টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত স্নাতক। শুধু জি এস টি ট্রেনিং প্রোগ্রামের ক্ষেত্রে  স্নাতক স্তরে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। **কোর্সের মেয়াদ:** কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং ও ট্রেনিং অন জি এস টি-র ক্ষেত্রে ৩ মাস। বেসিক কোর্সের ক্ষেত্রে ৬ মাস, অ্যাডভান্স ও এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্সের ক্ষেত্রে ১২ মাস। **কোর্স ফি:** কম্পিউটারাইজড অ্যাকাউন্টিংয়ের ক্ষেত্রে ৩,৫০০ টাকা, বেসিক প্রোগ্রামের ক্ষেত্রে ৬,৫০০ টাকা, জি এস টি ট্রেনিংয়ের ক্ষেত্রে ১,২০০ টাকা এবং বাকি সবক'টি কোর্সের ক্ষেত্রে ৯,৫০০ টাকা।

**গিরীন্দ্র শেখর ইনস্টিটিউট অব সাইকোলজিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ** (পি-১০), পি-৫৩৫, রাজা বসন্ত রায় রোড, কলকাতা-৭০০ ০২৯। ফোন: ৯৬৭৪০-৯৮৯৬৮। **কোর্সের নাম:** চাইল্ডহুড অ্যান্ড অ্যাডোলেসেন্ট কাউন্সেলিং। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। **কোর্সের মেয়াদ:** ৪ মাস।  **কোর্স ফি:** ৭,০০০ টাকা।

**নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট** (ভি-৪৮), রাজিনগর, মুর্শিদাবাদ-৭৪২ ১৮৯। ফোন: ৯৭৩৩০-৭০৬৯৪, ৯৪৩৪৮-৮২৪৭১। **কোর্সগুলি হল:** (১) হ্যান্ড এমব্রয়ডারি, (২) আমিন সার্ভে (বেসিক অ্যান্ড অ্যাডভান্স), (৩) ইনফর্মেশন টেকনোলজি অ্যাপ্লিকেশনস (বেসিক ও অ্যাডভান্স), (৪) মোবাইল ফোন রিপেয়ারিং, (৫) বেসিক ট্রেনিং অন যোগা, (৬) অ্যাডভান্স ট্রেনিং অন যোগা, (৭) বেসিক ট্রেনিং অন মেডিসিন শপ অ্যাসিস্ট্যান্ট, (৮) অ্যাডভান্স ট্রেনিং অন মেডিসিন শপ অ্যাসিস্ট্যান্ট। **শিক্ষাগত যোগ্যতা:** হ্যান্ড এমব্রয়ডারি, ইনফর্মেশন টেকনোলজি অ্যাপ্লিকেশন ও মোবাইল ফোন রিপেয়ারিংয়ের ক্ষেত্রে ক্লাস এইট। আমিন সার্ভে (বেসিক ও অ্যাডভান্স)-এর ক্ষেত্রে মাধ্যমিক। বাকি প্রোগ্রামগুলির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। সঙ্গে অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** প্রত্যেকটি প্রোগ্রামের ক্ষেত্রে ৬ মাস। **কোর্স ফি:** হ্যান্ড এমব্রয়ডারির ক্ষেত্রে ২,০০০ টাকা। আমিন সার্ভে ও ইনফর্মেশন টেকনোলজি অ্যাপ্লিকেশন প্রোগ্রামে বেসিক কোর্সের ক্ষেত্রে ২,০০০ টাকা ও অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে ৩,০০০ টাকা। বাকি প্রোগ্রামগুলির ক্ষেত্রে ফি যথাক্রমে ৩,০০০ টাকা, ৫,০০০ টাকা, ৫,৫০০ টাকা, ৪,০০০ টাকা ও ৪,৫০০ টাকা।

**প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি।** কলকাতা (পি-২১): বালিগঞ্জ, ভারত সেবাশ্রম সংঘ মেডিক্যাল সেন্টারের নিকটে। ফোন: ৯৮৩০২-১৬০৫৬। ডায়মন্ড হারবার (ভি-৩৭), ডায়মন্ড হারবার, রেলওয়ে স্টেশন, দক্ষিণ ২৪ পরগনা। ফোন: ৯৩৩১২-৫৬৯৩৪। হৃদয়পুর (ভি-৫৩), প্রণব কন্যা সংঘ, হৃদয়পুর, উত্তর ২৪ পরগনা। ফোন: ৮৩৩৪০-৭৯৬৬৯। **কোর্সগুলি হল:** (১) সুপারভাইজরি স্কিলস ফর ফ্রন্ট লাইন অ্যাসিস্ট্যান্ট, (২) ফায়ার অ্যান্ড সেফটি স্কিলস, (৩) গ্রাফিক ডিজাইনিং অ্যান্ড পাবলিশিং, (৪) সোলার ইলেক্ট্রিক্যাল টেকনিশিয়ান, (৫) বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং, (৬) ডিজিটাল অ্যাপ্লিকেশন অ্যানালিস্ট, (৭) অটোমোবাইল টেকনিশিয়ান (তিন বা দ্বিচক্র যান), (৮) মোবাইল ফোন রিপেয়ারিং, (৯) বেসিক ট্রেনিং অন যোগা, (১০) অ্যাডভান্স ট্রেনিং অন যোগা। (১১) ট্রেনিং অন জি এস টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফায়ার অ্যান্ড সেফটি স্কিলস, বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং ও মোবাইল ফোন রিপেয়ারিং প্রোগ্রামের ক্ষেত্রে মাধ্যমিক। অটোমোবাইল টেকনিশিয়ানের ক্ষেত্রে ক্লাস এইট। বাকি প্রোগ্রামগুলির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। অ্যাডভান্স ট্রেনিং অন যোগা প্রোগ্রামের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক-সহ নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। জি এস টি ট্রেনিং প্রোগ্রামের ক্ষেত্রে  স্নাতক স্তরে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। কোনও ট্রেনিং না থাকলেও চলবে। **কোর্সের মেয়াদ:** প্রত্যেকটি ৬ মাস। শুধু জি এস টি ট্রেনিংয়ের ক্ষেত্রে ৩ মাস। **কোর্স ফি:** সোলার ইলেক্ট্রিক্যাল টেকনিশিয়ান প্রোগ্রামের ক্ষেত্রে ৪,০০০ টাকা, অটোমোবাইল টেকনিশিয়ানের ক্ষেত্রে ৬,০০০ টাকা, যোগার বেসিক প্রোগ্রামের ক্ষেত্রে ৫,০০০ টাকা ও অ্যাডভান্স প্রোগ্রামের ক্ষেত্রে ৫,৫০০ টাকা। জি এস টি ট্রেনিংয়ের ক্ষেত্রে ২,৫০০ টাকা। বাকি সবক'টি কোর্সের ক্ষেত্রে ৩,০০০ টাকা।



**শিবানন্দ হেলথ সোসাইটি** (পি-১৯), ১৩/১০, ক্ষেত্রমোহন ব্যানার্জী রোড, পোঃ নিমতা, কলকাতা-৭০০ ০৪৯। ফোন: ৯৪৩২০-১২২৯৪, ৯২৩৯৩-০০৫২০। **কোর্সগুলি হল:** (১) বেসিক ট্রেনিং অন নেচারোপ্যাথি, (২) অ্যাডভান্স ট্রেনিং অন নেচারোপ্যাথি, (৩) বেসিক ট্রেনিং অন যোগা, (৪) অ্যাডভান্স ট্রেনিং অন যোগা (ইন্টিগ্রেটেড)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সঙ্গে অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** প্রত্যেকটি ৬ মাস। **কোর্স ফি:** নেচারোপ্যাথির বেসিক এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে যথাক্রমে ৪,০০০ টাকা এবং ৫,০০০ টাকা। যোগার বেসিক এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে যথাক্রমে ৫,০০০ টাকা এবং ৫,৫০০ টাকা।

**শান্তি দেবী বিদ্যানিকেতন** (ভি-১০), পলাশি, বড়চাঁদঘর, নদিয়া-৭৪১ ১৫৬। ফোন: ৯৮০০২-০২১৮৪, ৯৭৩৩৬-৩৮৩৫৭। **কোর্সগুলি হল:** (১) বেসিক ট্রেনিং অন যোগা, (২) অ্যাডভান্স ট্রেনিং অন যোগা। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সঙ্গে অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** ৬ মাস। **কোর্স ফি:** বেসিক কোর্সের ক্ষেত্রে ৫,০০০ টাকা এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে এবং ৫,৫০০ টাকা।

**শ্রী অরবিন্দ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট**, কসবা (ভি-৪২), ফোন: ০৩৩-২৪২৯-০২০৭। বারাসাত, উত্তর ২৪ পরগনা (ভি-৪৩), ফোন: ০৩৩-২৫২৪-২৩৮২। কল্যাণী, নদিয়া (ভি-৪৪), ফোন: ৮২৩২০-২০৪৫০। মালদা (ভি-৫২), ফোন: ৯৩২০৭-০০৯২৮, শিলিগুড়ি (ভি-৫১), ফোন: ৯৩৩২০-১৭৩৯৫। **কোর্সগুলি হল:** (১) অটোমোবাইল মেইন্টেন্যান্স (বেসিক ও অ্যাডভান্স), (২) এসি অ্যান্ড রেফ্রিজারেশন টেকনিশিয়ান (বেসিক ও অ্যাডভান্স), (৩) ইলেক্ট্রিক্যাল টেকনিশিয়ান (বেসিক ও অ্যাডভান্স), (৪) সিভিল কনস্ট্রাকশন সুপারভাইজর (বেসিক ও অ্যাডভান্স), (৫) সিভিল ড্রাফটসম্যানশিপ। (৬) অটো ক্যাড-সিভিল, (৭) মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশন, (৮) ওয়েব ডিজাইনিং, (৯) কম্পিউটার হার্ডওয়্যার টেকনিশিয়ান, (১০) কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম চারটি প্রোগ্রামের ক্ষেত্রে মাধ্যমিক। সঙ্গে অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। সিভিল ড্রাফটসম্যানশিপ প্রোগ্রামের ক্ষেত্রে মাধ্যমিক। অটো ক্যাড-সিভিল কোর্সের ক্ষেত্রে সিভিল ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমা বা আই টি আই বা বি টেক। কম্পিউটারাইজড অ্যাকাউন্টিংয়ের ক্ষেত্রে বি কম। বাকি প্রোগ্রামগুলির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ। **কোর্সের মেয়াদ:** প্রত্যেকটির ক্ষেত্রেই ৬ মাস। **কোর্স ফি:** বেসিকের ক্ষেত্রে ৬,০০০ টাকা এবং অ্যাডভান্স কোর্সের ক্ষেত্রে ৭,৫০০ টাকা। ৫ থেকে ১০ নম্বর প্রোগ্রামের ক্ষেত্রে ফি যথাক্রমে ৬,০০০ টাকা, ৪,০০০ টাকা, ১২,০০০ টাকা, ৬,০০০ টাকা, ৭,৫০০ টাকা ও ৬,০০০ টাকা।

**এস এস এডুকেশনাল ট্রাস্ট**, (সি-০২) ৯, নীলাম্বর মুখার্জি স্ট্রিট, কলকাতা-৭০০ ০০৪। ফোন: (০৩৩)২৫৫৪-০২২৪, ৯৯০৩৪-৭৮৫১৯, ৯০০৭২-৬৭১৭৭। **কোর্সগুলি হল:** (১) ট্রেনিং অন সাইবার ল, (২) ট্রেনিং অন লেবার ল, (৩) ট্রেনিং অন ল অব ইনশিওরেন্স, (৪) ট্রেনিং অন কনজিউমার রাইটস অ্যান্ড অ্যাওয়্যারনেস, (৫) ট্রেনিং অন হিউম্যান রাইটস, (৬) ট্রেনিং অন সাইকোলজিক্যাল টেস্টিং। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক, সেই সঙ্গে এল এল বি কোর্সে পঞ্চম সেমেস্টারে পাঠরত। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সাইকোলজিক্যাল টেস্টিংয়ের ক্ষেত্রে স্নাতক ডিগ্রি থাকলেই আবেদন করা যাবে। **কোর্সের মেয়াদ:** প্রত্যেকটি প্রোগ্রামের ক্ষেত্রে ৬ মাস। **কোর্স ফি:** প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ১২,০০০ টাকা।



**দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট**, শিয়ালদা কেন্দ্র (সি-০৪), ১৩৬, বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-৭০০ ০১২। ফোন: (০৩৩)২৪৭৫-৪৬০০/২৫৫৭, ৮৩৩৬৯-৩৯৬৮৪। **কোর্সগুলি হল:** (১) চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং, (২) স্মার্ট ফোন রিপেয়ারিং, (৩) সি সি টি ভি ইনস্টলেশন টেকনিশিয়ান, (৪) ডিজিটাল মিডিয়া মার্কেটিং, (৫) প্রফেশনাল মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ, (৬) ডট নেট টেকনোলজি, (৭) কমিউনিকেটিভ ইংলিশ অ্যান্ড পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট। **শিক্ষাগত যোগ্যতা:** চিপ লেভেল ল্যাপটপ, সি সি টি ভি ইনস্টলেশন ও কমিউনিকেটিভ ইংলিশ অ্যান্ড পার্সোন্যালিটি ডেভেলপমেন্টের ক্ষেত্রে মাধ্যমিক। স্মার্ট ফোনের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। ডিজিটাল মিডিয়া মার্কেটিংয়ের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। প্রফেশনাল মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভের ক্ষেত্রে স্নাতক। ডট নেট টেকনোলজির ক্ষেত্রে বিজ্ঞান বা বাণিজ্য শাখায় উচ্চমাধ্যমিক অথবা যে-কোনও শাখায় স্নাতক। **কোর্সের মেয়াদ:** ল্যাপটপ রিপেয়ারিং, স্মার্ট ফোন রিপেয়ারিং ও ডট নেট টেকনোলজির ক্ষেত্রে ৬ মাস, সি সি টি ভি ইনস্টলেশন, ডিজিটাল মিডিয়া মার্কেটিং ও কমিউনিকেটিভ ইংলিশের ক্ষেত্রে ৩ মাস এবং প্রফেশনাল মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভের ক্ষেত্রে ২ মাস। **কোর্স ফি:** ক্রমিক নম্বর অনুসারে যথাক্রমে ১৭,৫০০ টাকা, ১১,০০০ টাকা, ৯,৮০০ টাকা, ২৭,৮০০ টাকা, ১৯,৭০০ টাকা, ১৬,৬০০ টাকা, ৪,৮০০ টাকা।

মালদা কেন্দ্র (সি-০৫): রবীন্দ্র অ্যাভিনিউ, মালদা-৭৩২ ১০১। ফোন: ০৩৫১২-২৫২৫৪৭, ৯৬৭৪১-৬৫৫৮৫। **কোর্সগুলি হল:** (১) স্পোকেন ইংলিশ, (২) অ্যাডভান্স স্পোকেন ইংলিশ, (৩) কমিউনিকেটিভ ইংলিশ অ্যান্ড পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট। **শিক্ষাগত যোগ্যতা:** সবক্ষেত্রেই মাধ্যমিক। **কোর্সের মেয়াদ:** যথাক্রমে ৪ মাস, ৬ মাস ও ৩ মাস। **কোর্স ফি:** যথাক্রমে ৪,২০০ টাকা, ৭,২০০ টাকা, ৪,৮০০ টাকা।

**বিবেকানন্দ এডুকেশনাল ইনস্টিটিউট** (ভি-৫৫), ময়নাগুড়ি রোড, উল্লাদাবাড়ি, জলপাইগুড়ি। ফোন: ৮৯১৮৯-২৯৯৭৩, ৯৭৩৫৮-৮১০০১। **কোর্সগুলি হল:** (১) স্মার্ট ফোন রিপেয়ারিং (বেসিক), (২) বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং (বেসিক), (৩) ল্যান্ড সার্ভে (বেসিক ও অ্যাডভান্স), (৪) সি সি টি ভি ইনস্টলেশন (বেসিক), (৫) যোগা (বেসিক অ্যান্ড অ্যাডভান্স), (৬) মেডিসিন শপ অ্যাসিস্ট্যান্ট (বেসিক ও অ্যাডভান্স)। **শিক্ষাগত যোগ্যতা:** স্মার্ট ফোনের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। যোগা ও মেডিসিন শপ অ্যাসিস্ট্যান্টসের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। বাকি প্রোগ্রামগুলির ক্ষেত্রে মাধ্যমিক। অ্যাডভান্স প্রোগ্রামগুলির ক্ষেত্রে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি থেকে সংশ্লিষ্ট কোর্সে বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** সবক্ষেত্রেই ৬ মাস। **কোর্স ফি:** স্মার্ট ফোনের ক্ষেত্রে ৫,০০০ টাকা, বিউটি থেরাপির ক্ষেত্রে ৩,০০০ টাকা, ল্যান্ড সার্ভের বেসিক ও অ্যাডভান্স উভয় প্রোগ্রামের ক্ষেত্রেই ২,০০০ টাকা করে, সি সি টি ভি ইনস্টলেশনের ক্ষেত্রে ৫,৫০০ টাকা, যোগার বেসিক প্রোগ্রামের ক্ষেত্রে ৫,০০০ টাকা, অ্যাডভান্স প্রোগ্রামের ক্ষেত্রে ৫,৫০০ টাকা, মেডিসিন শপ অ্যাসিস্ট্যান্টসের বেসিক প্রোগ্রামের ক্ষেত্রে ৪,০০০ টাকা ও অ্যাডভান্স প্রোগ্রামের ক্ষেত্রে ৪,৫০০ টাকা।



প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ২০০ টাকার বিনিময়ে প্রসপেক্টাস-সহ আবেদনপত্র সংগ্রহ করা যাবে সংশ্লিষ্ট স্টাডি সেন্টার থেকে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩)৪০৬৬-৩২২০। ই-মেল: anirban1972@gmail.com

# কারেন্ট অ্যাফেয়ার্স

১০ ডিসেম্বর-১৭ ডিসেম্বর

**১১ ডিসেম্বর** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাকিস্তানি প্রশাসনিক কর্তাদের সঙ্গে যোগশাজসের অভিযোগ তুলে প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং সহ কংগ্রেস শীর্ষ নেতৃত্বের বিরুদ্ধে বেনজির আক্রমণ করায় ধারালো শব্দে প্রত্যাঘাত করলেন মনমোহন। মোদী বলেছিলেন, মণিশঙ্কর আইয়ারের বাড়িতে প্রাক্তন পাক বিদেশমন্ত্রী, ভারতের প্রাক্তন উপরাষ্ট্রপতি ও প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের মধ্যে প্রায় তিনঘন্টা ধরে বৈঠক হয়েছে। গুজরাটের নির্বাচনে পাক সহায়তায় বিজেপিকে পর্যুদস্ত করার ষড়যন্ত্রের ইঙ্গিতও দেন মোদী। আক্রমণের জবাবে মনমোহন বলেন, 'আমি অত্যন্ত ব্যথিত ও ক্ষুব্ধ। আশাকরি, প্রধানমন্ত্রী পরিণত মনের পরিচয় দেবেন। কুভাবনার জন্য দেশের কাছে ক্ষমা চাইবেন তিনি। তবেই তাঁর পদের মর্যাদা ফিরবে।'

**খাদিম কর্তা অপহরণ মামলার দ্বিতীয়** পর্বে দোষী সাব্যস্ত হওয়া ৩ পাকিস্তানি নাগরিক সহ মোট ৮ জনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিলেন আলিপুরের অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক। উল্লেখ্য, ২০০১ সালে অপহৃত হয়েছিলেন খাদিম কর্তা পার্থ রায় বর্মন। মুক্তিপণ দিয়ে ছাড়া পাওয়ার পর তাঁর অপহরণের তদন্তভার নেয় সিআইডি।

**বিশিষ্ট ডিএনএ বিজ্ঞানী ও বেনারস হিন্দু** বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য লালজি সিং (৭০) প্রয়াত হলেন। ১৯৯৫ সালে সেন্টার ফর ডিএনএ ফিঙ্গারপ্রিন্টিং অ্যান্ড ডায়গনস্টিকস, ১৯৯৮ সালে ল্যাবরেটরি ফর দ্য কনজারভেশন অফ এনডেঞ্জারড স্পিসিস এবং ২০০৪ সালে পিছিয়ে পড়া মানুষদের জিনগত সমস্যা মোকাবিলায় জেনোম ফাউন্ডেশন-সহ নানা প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন তিনি।

## ভারতে এসে বন্ধুত্বের বার্তা চিনা বিদেশমন্ত্রীর



**১১ ডিসেম্বর:** ভারত, চিন ও রাশিয়ার বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগ দিয়ে নয়াদিল্লিতে বন্ধুত্বের বার্তা দিলেন চিনা বিদেশমন্ত্রী ওয়াং ই। তিনি বলেছেন,'সীমান্তে সাময়িক সংঘাতের থেকে অনেক বেশি জরুরি বিষয় ভারত এবং চিনের বন্ধুত্ব। দু'টি দেশই উন্নয়নশীল এবং বৃহৎ উন্নয়নশীল দেশ হিসেবে আমাদের কৌশলগত স্বার্থগুলি একে অপরের সঙ্গে জড়িয়ে রয়েছে। সংঘাতের থেকে আমাদের সমঝোতার প্রয়োজনটাই বেশি।' রাশিয়া-ভারত-চিন (রিক)-এর বৈঠকে যোগ দেওয়ার পাশাপাশি ভারতের বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের সঙ্গেও বৈঠক করেছেন ওয়াং।

**সিরিয়া থেকে সিংহভাগ সেনাকেই** ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিল রাশিয়া। সিরিয়ার লাতাকিয়ায় রুশ বায়ুসেনা ঘাঁটি পরিদর্শনে গিয়ে এ কথা ঘোষণা করেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সিরিয়ার গৃহযুদ্ধের আগুন না নিভলেও জঙ্গিরা পিছু হঠায় সেনা সরানোর এই সিদ্ধান্ত নিলেন পুতিন। তবে তিনি এও জানিয়েছেন, 'যদি সন্ত্রাসবাদীরা আবার মাথা উঁচু করে, আমরা এমনভাবে আক্রমণ করব যা ওরা কোনওদিন ভাবেনি।'

**১৩ ডিসেম্বর** সুপ্রিম কোর্টে শুনানি হওয়ার একদিন আগেই ব্যাঙ্ক অ্যাকাউন্টের সঙ্গে আধার যোগের সময়সীমা বাড়িয়ে আগামী বছর ৩১ মার্চ করল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রের তরফে বিবৃতি দিয়ে এ কথা জানানো হয়। উল্লেখ্য, ব্যাঙ্ক, মোবাইল ছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে আধার সংযুক্ত করা নিয়ে কেন্দ্র সরকারের পদক্ষেপের বিরুদ্ধে শীর্ষ আদালতে একাধিক মামলা করা হয়েছে। মামলাকারীরা জানিয়েছেন, এই সব প্রকল্পে আধার যোগকে বাধ্যতামূলক করার কোনও প্রয়োজন নেই। পাশাপাশি, এর ফলে আধারের বায়োমেট্রিক ডেটার অপব্যবহার হতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেছেন তাঁরা।

**জেরুসালেম প্রশ্নে মার্কিন সিদ্ধান্তের** সমালোচনা করলেন তুরস্কের প্রেসিডেন্ট রিচেপ তাইপ এর্দোগান। কয়েকদিন আগেই জেরুসালেমকে ইজরায়েলের রাজধানীর স্বীকৃতি দিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট। এদিন ইস্তানবুলে একটি ধর্মীয় সম্মেলনে তুর্কি প্রেসিডেন্ট বলেন, 'জেরুসালেম প্যালেস্তাইনের বেদখল হয়ে যাওয়া রাজধানী, ইজরায়েলের নয়।' উল্লেখ্য, প্রাচীন শহর জেরুসালেম একই সঙ্গে মুসলিম, ইহুদি ও খ্রিস্টানদের পবিত্রভূমি হিসেবে পরিচিত। ইজরায়েলের বিরুদ্ধে অভিযোগ, ১৯৮০ সালে তারা জোর করে জেরুসালেমকে নিজেদের রাজধানী হিসেবে ঘোষণা করে।

**আর্থিক ক্ষেত্রের খসড়া বিল নিয়ে** দেশজুড়ে বিতর্ক ওঠায় শেষপর্যন্ত বক্তব্য রাখতে বাধ্য হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আর্থিক ক্ষেত্রের এই খসড়া বিল (ফিনান্সিয়াল রিজলিউশন অ্যান্ড ডিপোজিট ইনশিওরেন্স বিল-২০১৭) নিয়ে বিরোধীরা অভিযোগ করে, এই বিল আইনে পরিণত হলে, দেউলিয়া ঘোষণা হওয়ার মুখে দাঁড়ানো ব্যাঙ্কে সাধারণ মানুষ তাঁদের গচ্ছিত টাকার একশো শতাংশ ফেরত নাও পেতে পারেন। এর বিরুদ্ধে প্রবল প্রচার শুরু হয় সোশ্যাল মিডিয়ায়। তার পরিপ্রেক্ষিতেই মোদী আশ্বাস দিলেন ব্যাঙ্ক-জমার সুরক্ষা সম্পর্কে। তিনি জানান, এ নিয়ে অহেতুক অপপ্রচার ও উদ্বেগ ছড়ানো হচ্ছে সোশ্যাল মিডিয়ায়। গ্রাহকদের স্বার্থ মাথায় রেখে ব্যাঙ্কে তাঁদের টাকা সুরক্ষিত রাখতে কেন্দ্র দায়বদ্ধ।

## তৃতীয় ডাবল সেঞ্চুরি পেলেন রোহিত




**১৩ ডিসেম্বর:** মোহালিতে শ্রীলঙ্কার বিরুদ্ধে তৃতীয় একদিনের ম্যাচে ১৪১ রানে জয় পেল ভারত। একদিনের খেলায় নিজের তৃতীয় ডাবল সেঞ্চুরি করে ম্যাচের সেরা হলেন রোহিত শর্মা। ভারত এদিন প্রথমে ব্যাট করে ৫০ ওভার খেলে ৪ উইকেট হারিয়ে ৩৯২ রান তোলে। ১৫৩ বল খেলে রোহিত শর্মা ২০৮ রান করে অপরাজিত থাকেন। একদিনের ক্রিকেটে সর্বোচ্চ ২৬৪ রানের বিশ্বরেকর্ডও রোহিতের দখলেই রয়েছে। একদিনের ক্রিকেটে তিনটি দ্বি-শতরান রয়েছে রোহিত শর্মার। ভারতীয়দের মধ্যে সচিন ও সহবাগেরও একটি করে ডাবল সেঞ্চুরি রয়েছে একদিনের ক্রিকেটে। এদিন জবাবে ব্যাট করতে নেমে শ্রীলঙ্কা ৫০ ওভার খেলে ৮ উইকেট হারিয়ে ২৫১ রান তোলে। **ছবি:** পি টি আই



“আমি অভিনয় করতে আরম্ভ করি একটা বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য। সেই সময় আমার অভিনয় করাটা একটা চাকরির মতো ছিল। সেই চাকরির আয় থেকে আমি মায়ের চিকিৎসার খরচ মেটাতে সাহায্য করতাম।”

অ্যাঞ্জেলিনা জোলি, হলিউড অভিনেত্রী

*অভিনয়ে কেন এলেন, জানাতে গিয়ে*

## চাঁদে অভিযান নিয়ে ট্রাম্পের নয়া মহাকাশ নীতি



**১২ ডিসেম্বর:** কয়েক দশক পর ফের চাঁদে নভশ্চর পাঠাতে উদ্যোগ নিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চিন চন্দ্র অভিযান নিয়ে উদ্যোগী হওয়াতে তড়িঘড়ি নয়া মহাকাশ নীতি ঘোষণা করলেন ট্রাম্প। জানালেন, আমেরিকাই অগ্রণী ছিল, আছে এবং থাকবেও। ১৯৬০ থেকে ৭০ দশকের মধ্যে অ্যাপোলো অভিযানের সময় মার্কিন নভশ্চররা চাঁদে গিয়েছিলেন। নীল আর্মস্ট্রং প্রথম চাঁদের মাটিতে পা রাখেন। এর পর কয়েক দশক কেটে গেলেও চাঁদে কোনও অভিযান চালায়নি নাসা। আমেরিকাকে তাই ফের চাঁদে নভশ্চর পাঠানোর প্রক্রিয়া শুরু করার নির্দেশ দিয়ে ট্রাম্প বলেছেন, 'আজ যে নয়া নীতি স্বাক্ষর হল, তা মার্কিন মহাকাশচারীদের ফের চাঁদে পাঠানোর ক্ষেত্রে একটি জরুরি পদক্ষেপ। কারণ ১৯৭২ সালের পরে আর কোনও মার্কিন নভশ্চর চাঁদে যাননি। তবে এ বার শুধু নিজেদের পায়ের ছাপ ফেলে বা দেশের পতাকা লাগিয়ে ফিরে আসব না। এ বার আমরা মঙ্গল অভিযানের ভিত্তিও স্থাপন করব।

**১৪ ডিসেম্বর** মিয়ানমার সেনা ও প্রশাসন যাই বলুক, বিভিন্ন মানবাধিকার সংগঠনের সমীক্ষায় স্পষ্ট হচ্ছে সে দেশের রোহিঙ্গাদের ওপর অত্যাচারের ভয়াবহ চিত্র। রাখাইন প্রদেশ থেকে নদী পার হয়ে বাংলাদেশে পালিয়ে আসা শরণার্থীদের ওপর সমীক্ষা চালিয়ে 'মেডিসিনস স্যান্স ফ্রন্টিয়ার্স' (এমএসএফ) বলেছে, ২৫ আগস্ট থেকে ২৪ সেপ্টেম্বর, এই এক মাসেই নিহত হয়েছেন কমপক্ষে ৬৭০০ জন রোহিঙ্গা, যার মধ্যে ৭৩০ জন পাঁচ বছরেরও কম বয়সি শিশু। এছাড়া গত আগস্ট থেকে কমপক্ষে ৬,৪৭,০০০ রোহিঙ্গা বাংলাদেশে চলে এসেছেন। তবে, রোহিঙ্গাদের ওপর অত্যাচার নিয়ে আন্তর্জাতিক চাপের মুখে পড়েছে মিয়ানমার। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার কমিশন এটিকে দেশের মূল অধিবাসী উচ্ছেদের জ্বলন্ত উদাহরণ বলে উল্লেখ করেছে।

**১৫ ডিসেম্বর** 'তিন তালাক' সংক্রান্ত বিল কেন্দ্রীয় মন্ত্রি-সভার অনুমোদন পেল। এদিন থেকেই শুরু হয়েছে সংসদের শীতকালীন অধিবেশন। চলতি অধিবেশনে একাধিক গুরুত্বপূর্ণ বিল পেশ হওয়ার কথা। তার মধ্যে অন্যতম হল 'তালাক-এ-বিদ্দত', যাকে অপরাধমূলক কার্যকলাপ হিসেবে গণ্য করার বিল হিসেবে দেখা হচ্ছে। উল্লেখ্য, 'তালাক-এ-বিদ্দত' অনুযায়ী তিনবার তালাক উচ্চারণ করেই বিয়ে ভেঙে দিতে পারেন কোনও মুসলিম পুরুষ। এই উপায় অবলম্বন করে ফোন, ই-মেল এমনকি টেক্সট মেসেজ করেও বিয়ে ভেঙে দেওয়া সম্ভব। বিরোধিতা ছাড়াই এই বিল পাশ করার ব্যাপারে কেন্দ্রীয় সরকার আশা প্রকাশ করেছে।

**প্রয়াত গোর্খা জনমুক্তি মোর্চা নেতা বরুণ** ভুজেলের মৃত্যুর তদন্ত নিরপেক্ষ কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে করানোর দাবি খারিজ করল সুপ্রিম কোর্ট। পুলিশি হেফাজতে বরুণের মৃত্যু হয় বলে মামলায় দাবি করা হয়েছিল। আবেদন খারিজ করে বিচারপতি একে সিক্রি ও বিচারপতি অশোক ভূষণের বেঞ্চ জানিয়ে দেয়, পুলিশি হেফাজতে নয়, বরুণের মৃত্যু হয়েছে বিচারবিভাগীয় হেফাজতে।

## কংগ্রেস সভাপতি হলেন রাহুল



**১৬ ডিসেম্বর:** আনুষ্ঠানিকভাবে রাহুল গান্ধীকে কংগ্রেসের সভাপতি ঘোষণা করা হল। এদিন ২৪ আকবর রোডে, দলের সদর দপ্তরে সনিয়া গান্ধী দায়িত্ব তুলে দিলেন রাহুলের কাঁধে। ১৯ বছর পর নতুন সভাপতি পেল দল। বিদায়ী ভাষণে সনিয়া গান্ধী রাহুল সম্পর্কে বলেন, 'ছোট থেকে ও হিংসার কদর্য রূপ দেখেছে। ওর সহনশীলতা, দৃঢ়তায় আমি মুগ্ধ।' রাহুলের অভিষেকের দিনে প্রথম বক্তা হিসেবে প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং বলেন, 'এটা কংগ্রেসের কাছে ঐতিহাসিক দিন।' রাহুল গান্ধী তাঁর ভাষণের বেশিরভাগটাই ছিল বিজেপি বিরোধিতা। তিনি বলেন, 'ওরা আগুন জ্বালায়। আমরা নেভাই। ওরা ভাঙে, আমরা গড়ি। কংগ্রেস দেশকে একবিংশ শতকে নিয়ে এসেছে, বিজেপি দেশকে মধ্যযুগে ফিরিয়ে নিয়ে যাচ্ছে। ওদের ঘৃণার জবাব আমরা ভালোবাসা দিয়ে দেব।' **ছবি:** পি টি আই

**১৭ ডিসেম্বর** পাকিস্তানের কোয়ে-টার এক চার্চে সন্ত্রাস-বাদী হামলায় ৯ জনের মৃত্যু হল। জখম হয়েছেন কমপক্ষে ৪৪ জন। হামলার দায় স্বীকার করেছে আই এস। প্রাক বড়দিনের প্রার্থনায় মেথডিস্ট চার্চে প্রায় ৪০০ জন প্রার্থনায় অংশ নিয়েছিলেন। প্রার্থনা চলাকালীনই অতর্কিতে হানা দেয় দুই আত্মঘাতী জঙ্গি। পাক স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, সময়মতো পুলিশ এসে পড়ায় বহু প্রাণ রক্ষা পেয়েছে। পাকিস্তান যে সন্ত্রাস দমনে সঠিক ব্যবস্থা নিচ্ছে না এই হামলার ফলে সেই চিত্রটা আরেকবার সামনে চলে এল।

**লস্কর-ই-তৈবা ও জামাত-উদ-দাওয়াকে** দেশপ্রেমী সংগঠন বলে উল্লেখ করে বিতর্ক তৈরি করলেন প্রাক্তন পাক সেনাপ্রধান ও প্রেসিডেন্ট পারভেজ মুশারফ। পাকিস্তানের নিরাপত্তার জন্য প্রয়োজনে তিনি মুম্বই সন্ত্রাসহানার মূলচক্রী হাফিজ সইদের সঙ্গেও জোট বাঁধতে তৈরি বলে জানিয়েছেন। ৭৪ বছর বয়সি প্রাক্তন পাক সেনাপ্রধান মুশারফ বর্তমানে দুবাইয়ে স্বেচ্ছা গৃহবন্দি। পাক সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'ওরা (লস্কর-ই-তৈবা ও জামাত-উদ-দাওয়া) দেশপ্রেমী। সবচেয়ে বেশি দেশভক্ত। ওরা পাকিস্তানের জন্য জীবন উৎসর্গ করেছে।'

**বিশাখাপত্তনমে শেষ ম্যাচ আট উইকেটে** জিতে সিরিজ জিতে নিল ভারত। সেইসঙ্গে টানা আট একদিনের সিরিজ জয়ের কৃতিত্বও দেখাল তারা। শ্রীলঙ্কা এদিন প্রথমে ব্যাট করে ৫০ ওভার খেলে ২১৫ রান তোলে। ভারতীয় বোলারদের মধ্যে কুলদীপ যাদব ও যজুবেন্দ্র চহাল ৩টি করে উইকেট নেন। ভারত ৩২.১ ওভারে প্রয়োজনীয় রান তুলে নেয়। শিখর ধবন ১০০ রানে অপরাজিত থাকেন। তবে ৪২ রান দিয়ে ৩ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন কুলদীপ। একদিনের এই সিরিজে ভারতের অধিনায়কত্ব করেন রোহিত শর্মা। প্রথম ম্যাচে হেরেও সিরিজে ঘুরে দাঁড়ানোয় তিনি বলেন,'যে ভাবে আমরা হারের হতাশা কাটিয়ে ঘুরে দাঁড়ালাম, তা দুর্দান্ত। এমন দলের ক্যাপ্টেন হতে পারার আনন্দ অসাধারণ।'

## নৌবাহিনী পেল আইএনএস কলবরী



**১৪ ডিসেম্বর:** ডুবোজাহাজ আইএনএস কলবরী ভারতীয় নৌবাহিনীতে যাত্রা শুরু করল। ২০০০ সালে আইএনএস সিন্ধুশস্ত্রের পরে প্রায় ১৭ বছরের ব্যবধানে আবার একটি শক্তিশালী ডুবোজাহাজ পেল নৌ-সেনা। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, এরকম ডুবোজাহাজের মোট ছ'টি বরাত দেওয়া আছে। কলবরী হল তারই প্রথমটি। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, ফরাসি সহায়তায় তৈরি, দৈর্ঘ্যে ৬৭.৫ মিটার ও উচ্চতায় ১২.৩ মিটারের কলবরী বর্তমানে দেশের প্রতিরক্ষা বাহিনীর অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। নিঃশব্দে দ্রুত গতিতে এগিয়ে যাওয়া, প্রচুর পরিমাণে অস্ত্র বহন, দূর থেকে ধেয়ে আসা ক্ষেপণাস্ত্রকে চিহ্নিত করা, কম আলোতেও দেখতে পাওয়া কলবরীর বৈশিষ্ট্যগুলির অন্যতম।

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার





# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## তোমাকে দিয়ে সংস্থার কোনও উপকার হবে কিনা শুধু সেটাই দেখা হবে



**নিলয় চক্রবর্তী**
ন্যাশনাল বিজনেস হেড
ওয়াও মোমো ফুডস প্রাইভেট লিমিটেড

ভাষা ও সাহিত্য ভালো লাগত ছোটবেলা থেকেই। পড়াশোনাও তা নিয়েই। যদিও পরে ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি নিয়ে চাকরি শুরু করি দিল্লিতে একটি মেক্সিকান রেস্তোরাঁ চেনের ফুড প্রোডাকশন বিভাগে। ভালোই চলছিল। কিন্তু একসময় পারিবারিক প্রয়োজনে চাকরিটা ছেড়ে কলকাতায় ফিরে আসতে হল। তারপর একটানা তিনমাস বেকার। কোনওক্রমে সেই পর্বটা কাটিয়ে পার্ক হোটেলে যোগ দিলাম। পরে পিৎজা হাটে যখন কাজ করছি, সেসময় একজন ক্রেতা আমাকে তাঁর সঙ্গে কাজ করার প্রস্তাব দেন। তিনি ছিলেন ওয়াও মোমো-র প্রতিষ্ঠাতা। আগের সংস্থায় আমার তৈরি মেক্সিকান স্যান্ডুইচের স্বাদ তার মনে ছিল।

যেসময়ে তাঁর সঙ্গে আমার দেখা হয়, তখনও কিন্তু ওয়াও মোমো বর্তমান চেহারায় আসেনি। সূচনাটুকু হয়েছে মাত্র। কিন্তু আমার কাছে খুব চ্যালেঞ্জিং মনে হয়েছিল তাঁর প্রস্তাবটি। তাঁর আইডিয়া, ভবিষ্যৎ পরিকল্পনা এই রোজকার ধরাবাঁধা চাকরির থেকে আলাদা মনে হয়েছিল। ফলে আগুপিছু না ভেবে নতুন চাকরিতে যোগ দিলাম।

বাজার করা, রান্না হলে তা ব্যাগে ভরে বাসে-অটোতে নিয়ে একমাত্র আউটলেটে গিয়ে বিক্রি করে আসা— এই দিয়ে কাজ শুরু হল আমার। তারপর ধীরে ধীরে সংস্থার উন্নতি ঘটেছে। একের পর এক আউটলেট খুলেছে। আগে শুধু কলকাতায় আউটলেট ছিল, এখন সারা দেশে আমাদের প্রায় ১৫০টি বিপণি।

### যে-কোনও চাকরির জন্য প্রস্তুত থাকো

চাকরির ব্যাপারে অনেকের মধ্যেই দেখেছি এক ধরনের মানসিক জড়তা কাজ করে। সহজে সেটা ভেঙে বেরোতে পারে না। কী ধরনের জড়তা?— ওই কাজটা আমার জন্য নয়, কলকাতার বাইরে গিয়ে কাজ করতে পারব না, এই চাকরি করলে মানসম্মান থাকবে না ইত্যাদি। এই ভাবনাগুলো মন থেকে দূর করতে পারলে সত্যিই উপকার পাবে।

সকলেরই বাড়িতে অনেক সমস্যা থাকে। আমারও ছিল। কিন্তু তার মানেই বাড়ি ছেড়ে কোথাও বেরব না, এই রকম ভাবাটা ভুল। বেশিরভাগ বড় সংস্থারই শাখা থাকে দেশের বিভিন্ন অঞ্চলে এবং দেশের বাইরেও। ফলে যদি স্থির করে রাখো, এক জায়গাতেই থাকবে, তাহলে অনেকগুলো সংস্থায় কাজের সুযোগও কিন্তু তুমি নিজেই বন্ধ করে দিলে। শুধু জায়গা নয়, কাজের সময় নিয়েও অনেকের দ্বিধা থাকে। এখন অনেক জায়গাতেই নানা শিফটে কাজ হয়। ফলে, রাতের শিফটে কাজ করতে হলে করব না, এই রকম ভাবলে এখন আর চলে না। চাকরির প্রস্তুতি শুরুর সময়ই এই কথাটা একেবারে মনে গেঁথে রাখা উচিত, নিজেকে এক জায়গায় আটকে রাখলে চলবে না। এগোতে হবে, উন্নতির কথা ভাবতে হবে।



“ইন্টারভিউ একটা প্রক্রিয়া, যেখানে নিজেকে উপস্থাপন করতে জানাটাই অর্ধেক যুদ্ধ জয় করতে সাহায্য করবে। তার জন্য প্রয়োজন ভালো গ্রুমিং, ভালোভাবে কথা বলার দক্ষতা। দামি পোশাকের ওপর ইন্টারভিউয়ের সাফল্য নির্ভর করে না।

### জানার জানলাটা খুলে রাখতে হবে

অতীতে অনেক ইন্টারভিউ দিয়েছি, এখন ইন্টারভিউ নিতে হয়। সব মিলিয়ে আমার মনে হয়, ইন্টারভিউয়ে সবসময়ই নিজেকে ভালোভাবে প্রকাশ করতে পারাটা খুব দরকার। তোমার মাতৃভাষা যাই হোক, সেটা তো নিশ্চয়ই ভালোভাবে জানবে। তার সঙ্গে হিন্দি আর ইংরেজিটাও জানা দরকার। এটাই হল প্রথম শর্ত। সহজ ভাষায় কথা বলবে, তাতে নিজেকে সবচেয়ে ভালোভাবে উপস্থাপন করাটাও সহজ হবে।

ধরা যাক, কেউ মার্কেটিং বিভাগের জন্য ইন্টারভিউ দিতে এসেছে। একজন ইন্টারভিউয়ার কিন্তু কখনও এটা মাথায় রেখে তাঁকে প্রশ্ন করা শুরু করেন না যে, প্রার্থীর মার্কেটিংয়ের বিরাট ব্যাকগ্রাউন্ড রয়েছে, অথবা তার উল্টোটা, অর্থাৎ প্রার্থী ফ্রেশার। এই ব্যাপারগুলোই তাঁকে কোনওভাবে প্রভাবিত করে না। তিনি দেখতে চান, প্রার্থীটি নিজেকে কীভাবে এবং কতটা উপস্থাপন করতে পারল। যিনি ইন্টারভিউ নিচ্ছেন তিনি জানেন, ওই বিশেষ পদে যাঁকে নিয়োগ করা হবে, তাঁকে প্রথমে কিছুদিন ট্রেনিং দিতেই হবে। ট্রেনিংয়ের মাধ্যমেই তাঁকে শিখিয়ে দেওয়া হবে সংস্থার চাহিদামাফিক কাজ। ফলে যেটা শেখানো যায় না, সেটাই যাচাই করে নেন ইন্টারভিউয়ার। সেই বিষয়গুলি কী?— সময়োপযোগী মানসিকতা, মেধা, নিজেকে যে-কোনও অবস্থার জন্য তৈরি রাখা, সাম্প্রতিকতম খবরাখবর রাখার আগ্রহ ইত্যাদি। জানার কোনও পছন্দ-অপছন্দ হয় না। তোমার হয়ত ক্রিকেট একদম ভালোলাগে না। তার মানে এই নয় যে ক্রিকেট সম্পর্কে কোনও জ্ঞানই তোমার থাকবে না। খুঁটিয়ে জানার দরকার নেই, কিন্তু সব বিষয়েই অল্পবিস্তর জ্ঞান থাকা দরকার। এর মধ্য দিয়ে বিভিন্ন বিষয়ে বাস্তবধর্মী দৃষ্টিভঙ্গি গড়ে ওঠে।

নিজের ইন্টারভিউ দেওয়ার অভিজ্ঞতা থেকে জানি, প্রার্থীদের বিপুল ভিড় থাকে। হয়ত সকালে পৌঁছলে, ডাক পড়ল শেষ বিকেলে। স্বাভাবিকভাবেই তখন সব এনার্জি শেষের পথে। তা সত্ত্বেও কিন্তু ইন্টারভিউ বোর্ডে হাজির হয়ে ঝিমিয়ে পড়া চেহারা বা মনের ছবি একেবারেই দেখানো যাবে না। কারণ ওই দশ মিনিটেই ভাগ্য নির্ধারিত হবে। ফলে ধৈর্যের প্রয়োজন। আর সেটা শুধু ইন্টারভিউয়ে বলেই নয়, জীবনের সব ক্ষেত্রেই।

### কথা বলায় বাড়তি সতর্কতা

আমার এই চাকরিটা দরকার ভেবে ইন্টারভিউ দিতে গেলে, বেশিরভাগ ক্ষেত্রেই চাকরিটা হয় না। কারণ মানসিক চাপ বা অতি আগ্রহে ব্যাপারটা একটু গোলমেলে হয়ে যায়। যে করেই হোক চাকরিটা পেতেই হবে ধরে নিয়ে নিজের প্রয়োজন, আবেদন ইত্যাদি বোঝানোর চেষ্টা করলে মুশকিলে পড়বে। এইরকম মানসিকতা থাকলে চেহারায় তার একটা ছাপ পড়ে যায়। এনার্জি লেভেলও কম দেখায়।

হবি বা পছন্দের বিষয় নিয়ে ইন্টারভিউয়ে কিছু প্রশ্ন থাকেই। তোমার যেটা হবি, সেটাই বলতে হবে তার কোনও মানে নেই। বরং যে-বিষয়ে উত্তর দেওয়ার জন্য তুমি তৈরি, যা ভালো করে জানো, সেটাই বলো। যেমন, হয়ত সিনেমা দেখতে ভালোবাসো। সেটাই বলবে। কিন্তু মনে রেখো সেখানেই ব্যাপারটা থামিয়ে না-ও দিতে পারেন ইন্টারভিউয়ার। তিনি জানতে চাইতে পারেন, শেষ কোন সিনেমাটা দেখেছ। নায়ক-নায়িকা বা খলনায়ক চরিত্রে কারা অভিনয় করেছেন— এরকম সহজ প্রশ্নের বদলে তিনি ছবির পরিচালক বা সঙ্গীত এমনকী সিনেমায় উঠে আসা কোনও সামাজিক সমস্যা নিয়েও প্রশ্ন করতে পারেন। অর্থাৎ শুধু মনোরঞ্জন না, তুমি সব বিষয়ে ওয়াকিবহাল কিনা এবং সে সম্পর্কে মৌলিক বক্তব্য স্পষ্ট করে রাখতে পারছ কিনা, তিনি দেখতে চাইবেন সেটাই। ফলে সিনেমার নাম বলার সময়ও সতর্ক থাকতে হবে তোমায়। ইন্টারভিউয়ে যে-বিষয়ে বেশি জানো সেটাই বলা উচিত, যে-বিষয়টা জানো না, সেই প্রসঙ্গ উঠতে দেওয়াই উচিত না।

ইন্টারভিউ একটা প্রক্রিয়া, যেখানে নিজেকে উপস্থাপন করতে জানাটাই অর্ধেক যুদ্ধ জয় করতে সাহায্য করবে। তার জন্য প্রয়োজন ভালো গ্রুমিং, ভালোভাবে কথা বলার দক্ষতা। দামি পোশাকের ওপর ইন্টারভিউয়ের সাফল্য নির্ভর করে না। কত কষ্ট করে বড় হয়েছ, পারিবারিক প্রয়োজন মেটাতে পারবে কিনা, ইত্যাদি কোনও কিছুই ইন্টারভিউয়ারের কাছে গুরুত্বপূর্ণ নয়। তোমাকে দিয়ে সংস্থার কোনও উপকার হবে কিনা সেটাই তিনি বিচার করবেন। কেউ তোমাকে দয়া করে চাকরিটা দেবে না। তুমি যোগ্য হলেই দেবে। এই যোগ্যতাটাই প্রমাণ করতে হবে।

কেমন লাগছে এই বিভাগ?
মতামত জানান ফেসবুকে
www.facebook.com/karmakshetra

মনে কোনও প্রশ্ন এলে, তা-ও লিখে ফেলুন। পাঠান এই ঠিকানায়: ‘গড়ে তুলুন নিজেকে’, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯
E-mail: karmakshetra@swarnakshar.in

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস পরীক্ষার প্রস্তুতি

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ২৮ জানুয়ারি

### General English

**Direction (1 to 4):** *Fill in the blanks with suitable alternatives.*

1. Shyam's behaviour is worthy of ____ by all the youngsters.
(a) exploration (b) trial (c) emulation (d) following
2. Mounting unemployment is the most serious and ___ problem faced by India today.
(a) unpopular (b) intractable (c) profound (d) dubious
3. It was the help he got from his friends which ______ him through the tragedy.
(a) sustained (b) helped (c) boosted (d) perked
4. Freedom and equality are the ____ rights of every human being.
(a) institutional (b) inalienable (c) inscrutable (d) incalcutable

**Direction (5 to 7):** *Find out the suitable synonyms.*

5. TYRANNY
(a) Power (b) Misrule (c) Cruelty (d) Madness
6. DEIFY
(a) Flatter (b) Challenge (c) Face (d) Worship
7. REBATE
(a) Refund (b) Discount (c) Loss (d) Compensation

**Direction (8 to 10):** *Find out the suitable antonyms.*

8. METICULOUS
(a) Mutual (b) Meretorious (c) Shaggy (d) Slovenly
9. ADMONISH
(a) Tolerate (b) Flatter (c) Approve (d) Commend
10. CALLOUS
(a) Capable (b) Confident (c) Sentimental (d) Sensitive

**Direction (11 to 14):** *Find out the correctly spelt word.*

11. (a) Lucidity (b) Talktive (c) Athentive (d) Suparb
12. (a) Postarity (b) Imbecelity (c) Surplus (d) Emplicit
13. (a) Ignorant (b) Consice (c) Ilusion (d) Expresive
14. (a) Insegnificant (b) Disaprove (c) Insanity (d) Pasification
15. To draw the long bow
(a) to make an exaggerated statement (b) to over-estimate oneself (c) to demand a very high price (d) to put up high demands
16. To pull one's socks up
(a) to depart (b) to prepare (c) to try hard (d) to get ready

**Direction (17 to 18):** *Find out suitable one word for the given epressions.*

17. The policy of extending a country's empire and influence:
(a) Internationalism (b) Communism (c) Imperialism (d) Capitalism
18. List of headings of the business to be transacted at a meeting:
(a) Excerpts (b) Schedule (c) Proceedings (d) Agenda

**Directions (19 and 20):** *Find out the suitable passive voice for the given active voice.*

19. I was him conducting the rehearsal.
(a) He was seen by me to conduct the rehearsal (b) I saw the rehearsal being conducted by him (c) He was seen conducting the rehearsal (d) I saw the rehearsal to be conducted by him
20. He teaches us Grammar.
(a) We are taught Grammar by him (b) Grammar is taught to us by him (c) We are being taught Grammar by him (d) Grammar is being taught us by him

**Direction (21 to 23):** *Fill in the blanks with suitable prepositions.*

21. If you are averse _____ recommending my name, you should not hesitate to admit it.
(a) for (b) against (c) to (d) about
22. The dacoits robbed the man _____ his possessions.
(a) with (b) on (c) of (d) from
23. The reward was not commensurate _____ the work done by us.
(a) on (b) with (c) for (d) to

**Direction (24 and 25):** *Fill in the blanks with suitable phrasal verbs.*

24. He went to inquire how his son was _______ with study.
(a) getting on (b) getting with (c) getting off (d) getting up
25. The college will ______ next week for summer vacation.
(a) break out (b) break in (c) break up (d) break for

### সাধারণ বিজ্ঞান

26. শরীরে ঘাম বেশি হয়, যখন:
(a) বায়ু আর্দ্র ও উষ্ণতা কম (b) বায়ু শুষ্ক থাকে ও উষ্ণতা বেশি হয় (c) বায়ু আর্দ্র হয় ও উষ্ণতা বেশি থাকে (d) বায়ু শুষ্ক ও উষ্ণতা কম
**বিজ্ঞপ্তি নম্বর 7 of 2017 অনুসারে** মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত লোয়ার ডিভিশন ক্লার্ক, ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার, সার্ভেয়ার এবং ড্রাফটসম্যান পদে নিয়োগের ইন্টারভিউ ২১ ডিসেম্বর। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mscwb.org

# মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- **Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001** অথবা **মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯।** খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৮** বইটি পুরস্কার দেওয়া হবে।*
দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. ১২ বছরের কম বয়সী মেয়েকে ধর্ষণে দোষী সাব্যস্তের ফাঁসির সাজা সম্প্রতি কোন রাজ্যে আইন হয়েছে?
   A. উত্তর প্রদেশ B. মধ্যপ্রদেশ C. অন্ধ্রপ্রদেশ
2. এর মধ্যে কোনটি ইউনেস্কোর 'ইনট্যাঞ্জেবল কালচারাল হেরিটেজ অব হিউম্যানিটি'র তালিকায় স্থান পেয়েছে?
   A. ওনাম B. কুম্ভ মেলা C. জাল্লিকাটু
3. এশিয়ার কোন প্রধানমন্ত্রী ১৯৫৯ সালের ২৬ নভেম্বর এক বৌদ্ধ ধার্মিকের হাতে নিহত হন?
   A. সলোমন বন্দরনায়েকে B. ইন্দিরা গান্ধী C. বেনজির ভুট্টো
4. সৌরজগতের সবচেয়ে গরম কোন গ্রহ অন্য গ্রহগুলির ঠিক উল্টোদিকে আবর্তিত হয়?
   A. বুধ B. শুক্র C. মঙ্গল
5. মরিশাসের উড়ানহীন কোন পাখি সপ্তদশ শতাব্দীতে বিলুপ্ত হয়ে যায়?
   A. বোম্বে ডাক B. ডোডো C. প্যারিপ্লাস
6. মধ্য আমেরিকার কোন দেশের মুদ্রা তাদের জাতীয় পাখি কোয়েটজাল'এর নামে?
   A. কিউবা B. ভেনেজুয়েলা C. বলিভিয়া
7. ইতালির কোন অঞ্চল থেকে মাফিয়া রাজের উত্থান?
   A. সিসিলি B. রোম C. ভেনিস
8. 'র‍্যানসামওয়ার', 'ওয়ানাক্রাই' কী?
   A. প্রতিষ্ঠান B. কম্পিউটার ভাইরাস C. ব্যাকটেরিয়া
9. বাতাসে কোন গ্যাস পোড়ার সময় নীল শিখা জ্বলে?
   A. অক্সিজেন B. নাইট্রোজেন C. হাইড্রোজেন
10. আলেয়ার আলো আসলে কোন গ্যাস?
    A. ক্লোরিন B. মিথেন C. হাইড্রোজেন
11. শব্দের কোন ধর্মের জন্য প্রতিধ্বনি তৈরি হয়?
    A. প্রতিসরণ B. প্রতিফলন C. সরন
12. এডওয়ার্ড জেনার কোন সালে প্রথম স্মল পক্সের টিকা প্রয়োগ করেন?
    A. ১৭৯৬ B. ১৮৯৬ C. ১৯৯৬

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ❑ | B ❑ | C ❑ |
| 2. | A ❑ | B ❑ | C ❑ |
| 3. | A ❑ | B ❑ | C ❑ |
| 4. | A ❑ | B ❑ | C ❑ |
| 5. | A ❑ | B ❑ | C ❑ |
| 6. | A ❑ | B ❑ | C ❑ |
| 7. | A ❑ | B ❑ | C ❑ |
| 8. | A ❑ | B ❑ | C ❑ |
| 9. | A ❑ | B ❑ | C ❑ |
| 10. | A ❑ | B ❑ | C ❑ |
| 11. | A ❑ | B ❑ | C ❑ |
| 12. | A ❑ | B ❑ | C ❑ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র** এক ডজন ক্যুইজ

Name: ..................................................

Address: ..................................................

..................................................

..................................................

..................................................

Pin Code: ..................................................

Ph./Mob. No.: ..................................................

ডিসেম্বর, ২০১৭

**সেপ্টেম্বর ২০১৭ ক্যুইজের উত্তর:** 1-C, 2-A, 3-B, 4-C, 5-A, 6-B, 7-C, 8-A, 9-B, 10-B, 11-A, 12-B

**সেপ্টেম্বর, ২০১৭ ক্যুইজে পুরস্কার জয়ী :** রথীন সাহা, বর্ধমান; সমীরণ মণ্ডল, নদীয়া; শুভঙ্কর চন্দ্র, নদীয়া; সোনালি সাহা, নদীয়া; শুভদীপ বাগ, পশ্চিম মেদিনীপুর। **পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।**

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

# বাঁকুড়া জেলায় অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা

অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে ৪৬ জন কর্মী নেবে বাঁকুড়ার পাত্রসায়রের অফিস অব দ্য চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১৭০/আই সি ডি এস/পি।

শূন্যপদের বিবরণ: **অঙ্গনওয়াড়ি সহায়িকা:** ৩৮টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। প্রার্থীকে অবশ্যই পাত্রসায়র ব্লকের অন্তর্গত সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**অঙ্গনওয়াড়ি কর্মী:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে সংশ্লিষ্ট ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**বয়স:** ১-১২-২০১৭ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা (৯০ নম্বর) এবং ইন্টারভিউ (১০ নম্বর)-এর মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে পাটিগণিত, রচনা, ইংরেজি, সাধারণ জ্ঞান, পুষ্টি, জনস্বাস্থ্য ও মহিলাদের অবস্থান বিষয়ে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.bankura.gov.in দরখাস্ত পূরণ করবেন নিজের হাতে লিখে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অন্য দু'টি ফটোর পিছনে প্রার্থীর নাম লিখে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর ভোটার আইডি বা রেশন কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓মহকুমা শাসক বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে সংশ্লিষ্ট ব্লক অফিস থেকে পাওয়া মূল শংসাপত্র।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ১০×৪ ইঞ্চি মাপের একটি খাম।

দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং খামের বাঁ দিকে প্রার্থীর নাম-ঠিকানা লিখে দেবেন। ২৯ ডিসেম্বরের (প্রতিদিন) সকাল ১১টা থেকে বিকেল ৩টে মধ্যে দরখাস্ত জমা দিতে হবে পাত্রসায়র ব্লক অফিসে রাখা নির্দিষ্ট ড্রপ বক্সে। ঠিকানা: পাত্রসায়ের সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক, গ্রাম+পোঃ- পাত্রসায়ের, জেলা-বাঁকুড়া। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নদিয়া জেলায় ১১৮ গ্রাম পঞ্চায়েত কর্মী

*প্রথম পাতার পর*

এক্সেম্পটেড ক্যাটেগরির প্রার্থীরা ছাড়া বাকিদের ক্ষেত্রে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nadia.gov.in দরখাস্তের শেষ তারিখ ৫ জানুয়ারি।

মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় একটি রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। সেটি লিখে রাখবেন। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন যোগাযোগ করতে পারেন এই হেল্প লাইন নম্বরে: ০৩৪৭২-২৫২৮৪২ (সকাল সাড়ে ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা)।

## ইউনিয়ন ব্যাঙ্কে ১০০

*প্রথম পাতার পর*

স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা করা থাকলে অগ্রাধিকার। এম এস এক্সেল বা ওয়ার্ড প্রসেসিং-সহ কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। ট্রেজারি বা ব্যাঙ্ক অথবা কোনও আর্থিক প্রতিষ্ঠানের অফিসার ক্যাডারে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.unionbankofindia.co.in ১৩ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে। ফি-ও জমা দিতে হবে এই তারিখের মধ্যেই। খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# কেন্দ্রীয় বিদ্যালয়ে ৮১৩

*প্রথম পাতার পর*

কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি হিন্দি ভাষা এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন ব্যবহারে জ্ঞান থাকতে হবে। বয়স: ৩১-১-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

লাইব্রেরিয়ান: ২১৪টি (সাধারণ ১০০, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৩০, ও বি সি ৫৪)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৭টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরি সায়েন্সে স্নাতক অথবা যে- কোনও শাখায় স্নাতক, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে এক বছর মেয়াদের ডিপ্লোমা। হিন্দি এবং ইংরেজি ভাষায় জ্ঞান থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশন ব্যবহারে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ৩১-১-২০১৮ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

স্টেনোগ্রাফার-গ্রেড টু: ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত এবং দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে। বয়স: ৩১-১-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

সরকারি নিয়মানুসারে প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং লাইব্রেরিয়ান পদে মহিলা আবেদনকারীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট, টাইপিং টেস্ট, কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সেন্টার কোড ৪৫)। স্টেনোগ্রাফার এবং লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট, জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড কম্পিউটার লিটারেসি, লজিক্যাল রিজনিং, কম্পিউটার লিটারেসি এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা।

লাইব্রেরিয়ান পদের ক্ষেত্রে ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল হিন্দি, কারেন্ট অ্যাফেয়ার্স, রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি এবং সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ৩ ঘণ্টা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের।

স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে স্কিল টেস্টে ১০ মিনিট ধরে দেওয়া ডিক্টেশন মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখে শর্টহ্যান্ডে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে কম্পিউটারে টাইপ করতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvsangathan.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১১ জানুয়ারি। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর লগ-ইন আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং কালো কালিতে করা সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার



# কোস্টগার্ডে নাবিক

*প্রথম পাতার পর*

তফসিলি প্রার্থীরা, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড়রা এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানেরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। **দৃষ্টিশক্তি:** ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯ হতে হবে। চশমা ব্যবহারকারীরা আবেদনের যোগ্য নন।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৮-১৯৯৬ থেকে ৩১-৭-২০০০-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। ফেব্রুয়ারি-মার্চ মাসে প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র হলদিয়া। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পরীক্ষায় থাকবে উচ্চমাধ্যমিক স্তরের অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি ও ইংরেজি। এছাড়াও থাকবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও রিজনিং। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২ দিন ধরে।

ট্রেনিং শুরু হবে অগস্ট মাস থেকে। আই এন এস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে নাবিক (জেনারেল ডিউটি) পদে। শুরুতে বেতন ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান অধিকারী র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন শুরুতে বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ ডিসেম্বর থেকে ২ জানুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখবেন। এই নম্বরের সাহায্যে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। ১২ থেকে ২২ জানুয়ারির মধ্যে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। অন্তত তিন কপি অ্যাডমিট কার্ড ডাউনলোড করবেন। তিনটি কপিতেই যথাস্থানে নিজের পাসপোর্ট মাপের রঙিন ফটো (নীল রঙের ব্যাকগ্রাউন্ড) সাঁটবেন এবং নির্দিষ্ট জায়গায় সই করবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

### পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে দেবেন

- ✓তিন কপি ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।
- ✓জন্মতারিখের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓পাসপোর্ট, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচিতিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ারফোর্সে গ্রুপ ‘সি’

*প্রথম পাতার পর*

Agra (UP)-282 008.

এয়ারফোর্স স্টেশন, আগ্রা: **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Vigilant Eagle Air Force Station , Agra (UP)-282 008.

এয়ারফোর্স স্টেশন, আগ্রা: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer Yaks, Air Force Station, Agra (UP)-282 008.

এয়ারফোর্স স্টেশন, বরেলি: **কুক:** ২টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ৪টি (সাধারণ ২, ও বি সি ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **হাউস কিপিং স্টাফ:** ২টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bareilly (UP)-243 002.

এয়ারফোর্স স্টেশন, বরেলি: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Scanner, Air Force Station, Bareilly (UP)-243 002.

এয়ারফোর্স স্টেশন, গোরখপুর: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Gorakhpur (UP)-273 002.

এয়ারফোর্স স্টেশন, গোরখপুর: **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Flaming Arrows, Air Force Station, Gorakhpur (UP)-273 002.

এয়ারফোর্স স্টেশন, এলাহাবাদ: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bamrauli, Allahabad (UP)-211 012.

এয়ারফোর্স স্টেশন, লখনউ: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Bakshi-ka-Talab, Lucknow (UP)-226 201.

এয়ারফোর্স স্টেশন, গোয়ালিয়র: **কুক:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Gwalior (MP)-474 020.

এয়ারফোর্স স্টেশন, গোয়ালিয়র: **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, TACDE, Air Force Station, Gwalior (MP)-474 020.

এয়ারফোর্স স্টেশন, লখনউ: **হাউস কিপিং স্টাফ:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Memaura, Lucknow (UP)-226 401.

এয়ারফোর্স স্টেশন, এলাহাবাদ: **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, HQ CAC (U), Air Force Station, Bamrauli, Allahabad (UP)-211 012.

এয়ারফোর্স স্টেশন, নৈনিতাল: **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Bhowali, Nainital (UK)-263 132.

**শিক্ষাগত যোগ্যতা:** কার্পেন্টার পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। কুক এবং মেস স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৬ মাসের অভিজ্ঞতা। মাল্টি টাস্কিং স্টাফ এবং হাউস কিপিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। **বয়স:** ১১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রয়োজন অনুসারে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষা ৮ এপ্রিল।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু’কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটো দু’টি দরখাস্ত এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট বা ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থী যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষ অথবা গেজেটেড অফিসার দ্বারা প্রদত্ত ক্যারেকটার সার্টিফিকেট।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও ৫টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ২৩×১০ সেমি মাপের একটি খাম।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন ‘APPLICATION FOR THE POST OF ____ & CATEGORY_____. শূন্যস্থান যথাযথভাবে পূরণ করবেন। ১১ জানুয়ারির মধ্যে দরখাস্ত সাধারণ ডাকে পৌঁছতে হবে যে-ইউনিট বা স্টেশনের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়। ***দরখাস্তের বয়ান:***

**APPLICATION FOR THE POST OF___________**

To
The Air Officer Commanding/Station Commander/
Commanding Officer ................................................
(Place as mentioned in column 2 of the chart)

[Paste self attested passport size photograph]

(a) Name (In Block Capital letters) .........................
(b) Father’s/Husband’s Name ..............................................................
(c) Date of Birth ........... Age (as on last date of receipt of application) ....................... Years ................... Months ........................... Days
(d) Whether belongs to ST/OBC/UR/.............................................
(e) Whether applying under reserved category or not (Yes / No)
(f) Educational Qualifications .................................................................
(g) Experience (i) ................................ (ii) ........................................
(h) Permanent postal address .............................................................
(i) Present postal address for communication ......................................
(j) Employment Registration No. and date, (if registered)/ ...................
(k) Self attested copies of certificates enclosed (i) ...... (ii) ........ (iii) ......

Certified that the above information / particulars are true to the best of my knowledge and belief. In case any information found to be false / doubtful before or after selection my candidature shall stand cancelled.

**Date:** **Signature of applicant**

***Attach certificate**

**ADMIT CARD**

Roll No.: ..................................................................
Name of the candidate ............................................
Son/Daughter/Wife ..................................................
Address.....................................................................

[self attested photograph]

is hereby permitted to appear in test for the purpose of recruitment to post of ...........................................................................................

**For Office use only:**
Place of written examination....................................................
Date ...................................... Time ...............................................
**Date:** **Signature of Issuing Authority**

Candidates are required to carry Photo Identity Card in original. No candidate is allowed to carry any electronic items such as Mobile, calculator, electronic watches etc. in the Examination Hall.

# এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে ৩৮২ এয়ারক্রাফট টেকনিশিয়ান

*প্রথম পাতার পর*

অনুমোদিত সমতুল যোগ্যতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্যাবলি পাবেন সংস্থার ওয়েবসাইটে।

**বয়স:** ১-১১-২০১৭ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ট্রেড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার কল লেটার প্রার্থীর ই-মেলে পাঠিয়ে দেওয়া হবে। ট্রেড টেস্ট এবং ইন্টারভিউ নেওয়া হবে বোয়িং গ্রুপের ক্ষেত্রে ৮ জানুয়ারি থেকে ১২ জানুয়ারি এবং এয়ারবাস গ্রুপের ক্ষেত্রে ১৫ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারি, মুম্বইয়ে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in

ফি বাবদ অ্যাকাউন্ট পেয়ি ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১,০০০ টাকা। ড্রাফটটি ‘Air India Engineering Services Limited’-এর অনুকূলে দিল্লিতে প্রদেয় হতে হবে। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন এবং ফটোর ওপর সই করে দেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

দরখাস্তের পদ্ধতি এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন সংস্থার এই ওয়েবসাইট: www.airindia.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন বোয়িং গ্রুপের ক্ষেত্রে এই নম্বরগুলিতে: (০২২)২৬২৬-৩৪৭৯/৩০১০/৩২৭৬ এবং এয়ারবাস গ্রুপের ক্ষেত্রে এই নম্বরগুলিতে: (০২২)২৬১৬-৮৫৫৫/৮৫৫৬।

# উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশনে ২৫৮৯

*প্রথম পাতার পর*

৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট রিভিউয়িং অফিসার পদের ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক লিখিত পরীক্ষা, টাইপিং ও স্টেনোগ্রাফি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রথম ভাগে প্রশ্ন হবে কম্পিউটার জ্ঞান (৫০ নম্বর) বিষয়ে এবং দ্বিতীয় ভাগে প্রশ্ন হবে জেনারেল ইংরেজি, জেনারেল হিন্দি, জেনারেল নলেজ ও রিজনিং বিষয়ে। এর পর টাইপিং ও স্টেনোগ্রাফি টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে)। টাইপ টেস্ট কম্পিউটারে ‘Kruti Dev 010/016’ লিপিতে নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uppcl.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৯ ডিসেম্বর। ফি বাবদ দিতে হবে পোস্ট কোড ২৪ ও ২৬-এর ক্ষেত্রে ১,০০০ টাকা, পোস্ট কোড ১৬-র ক্ষেত্রে ৯০০ টাকা। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

## আপনাকে কী করতে হবে?

‘কর্মক্ষেত্র’র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে। এবার খামের ওপর ‘স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার’ লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জানুয়ারি-এর প্রতিযোগিতার জন্য ডিসেম্বর মাসের ‘কর্মক্ষেত্র’-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি ‘কর্মক্ষেত্র’য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি ‘কর্মক্ষেত্র’য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জানুয়ারি-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

নোবেল কম্পিউটার ট্রেনিং সেন্টার ঃ ৭ মাইল বাজার



# কোস্টগার্ডে নাবিক

*প্রথম পাতার পর*

তফসিলি প্রার্থীরা, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড়রা এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানেরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। **দৃষ্টিশক্তি:** ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯ হতে হবে। চশমা ব্যবহারকারীরা আবেদনের যোগ্য নন।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৮-১৯৯৬ থেকে ৩১-৭-২০০০-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। ফেব্রুয়ারি-মার্চ মাসে প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র হলদিয়া। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পরীক্ষায় থাকবে উচ্চমাধ্যমিক স্তরের অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি ও ইংরেজি। এছাড়াও থাকবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও রিজনিং। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২ দিন ধরে।

ট্রেনিং শুরু হবে অগস্ট মাস থেকে। আই এন এস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে নাবিক (জেনারেল ডিউটি) পদে। শুরুতে বেতন ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান অধিকারী র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন শুরুতে বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ ডিসেম্বর থেকে ২ জানুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখবেন। এই নম্বরের সাহায্যে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। ১২ থেকে ২২ জানুয়ারির মধ্যে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। অন্তত তিন কপি অ্যাডমিট কার্ড ডাউনলোড করবেন। তিনটি কপিতেই যথাস্থানে নিজের পাসপোর্ট মাপের রঙিন ফটো (নীল রঙের ব্যাকগ্রাউন্ড) সাঁটবেন এবং নির্দিষ্ট জায়গায় সই করবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

## পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে দেবেন

✓তিন কপি ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।
✓জন্মতারিখের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓পাসপোর্ট, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচিতিপত্রের প্রত্যয়িত নকল।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓ডোমিসাইল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে ৩৮২ এয়ারক্রাফট টেকনিশিয়ান

*প্রথম পাতার পর*

অনুমোদিত সমতুল যোগ্যতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্যাবলি পাবেন সংস্থার ওয়েবসাইটে।

**বয়স**: ১-১১-২০১৭ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ট্রেড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার কল লেটার প্রার্থীর ই-মেলে পাঠিয়ে দেওয়া হবে। ট্রেড টেস্ট এবং ইন্টারভিউ নেওয়া হবে বোয়িং গ্রুপের ক্ষেত্রে ৮ জানুয়ারি থেকে ১২ জানুয়ারি এবং এয়ারবাস গ্রুপের ক্ষেত্রে ১৫ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারি, মুম্বইয়ে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in

ফি বাবদ অ্যাকাউন্ট পেয়ি ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১,০০০ টাকা। ড্রাফটটি 'Air India Engineering Services Limited'-এর অনুকূলে দিল্লিতে প্রদেয় হতে হবে। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন এবং ফটোর ওপর সই করে দেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

দরখাস্তের পদ্ধতি এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন সংস্থার এই ওয়েবসাইট: www.airindia.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন বোয়িং গ্রুপের ক্ষেত্রে এই নম্বরগুলিতে: (০২২)২৬২৬-৩৪৭৯/৩০১০/৩২৭৬ এবং এয়ারবাস গ্রুপের ক্ষেত্রে এই নম্বরগুলিতে: (০২২)২৬১৬-৮৫৫৫/৮৫৫৬।

# এয়ারফোর্সে গ্রুপ 'সি'

*প্রথম পাতার পর*

Agra (UP)-282 008.

এয়ারফোর্স স্টেশন, আগ্রা: **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Vigilant Eagle Air Force Station , Agra (UP)-282 008.

এয়ারফোর্স স্টেশন, আগ্রা: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer Yaks, Air Force Station, Agra (UP)-282 008.

এয়ারফোর্স স্টেশন, বরেলি: **কুক:** ২টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ৪টি (সাধারণ ২, ও বি সি ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **হাউস কিপিং স্টাফ:** ২টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bareilly (UP)-243 002.

এয়ারফোর্স স্টেশন, বরেলি: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Scanner, Air Force Station, Bareilly (UP)-243 002.

এয়ারফোর্স স্টেশন, গোরখপুর: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Gorakhpur (UP)-273 002.

এয়ারফোর্স স্টেশন, গোরখপুর: **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Flaming Arrows, Air Force Station, Gorakhpur (UP)-273 002.

এয়ারফোর্স স্টেশন, এলাহাবাদ: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bamrauli, Allahabad (UP)-211 012.

এয়ারফোর্স স্টেশন, লখনউ: **মাল্টি টাস্কিং স্টাফ** : ১টি (সাধারণ)। **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Bakshi-ka-Talab, Lucknow (UP)-226 201.

এয়ারফোর্স স্টেশন, গোয়ালিয়র: **কুক:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Gwalior (MP)-474 020.

এয়ারফোর্স স্টেশন, গোয়ালিয়র: **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, TACDE, Air Force Station, Gwalior (MP)-474 020.

এয়ারফোর্স স্টেশন, লখনউ: **হাউস কিপিং স্টাফ:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Memaura, Lucknow (UP)-226 401.

এয়ারফোর্স স্টেশন, এলাহাবাদ: **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, HQ CAC (U), Air Force Station, Bamrauli, Allahabad (UP)-211 012.

এয়ারফোর্স স্টেশন, নৈনিতাল: **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Bhowali, Nainital (UK)-263 132.

**শিক্ষাগত যোগ্যতা:** কার্পেন্টার পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। কুক এবং মেস স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৬ মাসের অভিজ্ঞতা। মাল্টি টাস্কিং স্টাফ এবং হাউস কিপিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। **বয়স:** ১১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রয়োজন অনুসারে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষা ৮ এপ্রিল।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটো দু'টি দরখাস্ত এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট বা ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓প্রার্থী যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষ অথবা গেজেটেড অফিসার দ্বারা প্রদত্ত ক্যারেক্টার সার্টিফিকেট।
✓নিজের নাম-ঠিকানা লেখা ও ৫টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ২৩×১০ সেমি মাপের একটি খাম।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ____ & CATEGORY_____. শূন্যস্থান যথাযথভাবে পূরণ করবেন। ১১ জানুয়ারির মধ্যে দরখাস্ত সাধারণ ডাকে পৌঁছতে হবে যে-ইউনিট বা স্টেশনের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়। ***দরখাস্তের বয়ান:***

**APPLICATION FOR THE POST OF____________**

To
The Air Officer Commanding/Station Commander/
Commanding Officer ................................................
(Place as mentioned in column 2 of the chart)

[Paste self attested passport size photograph]

(a) Name (In Block Capital letters) ..........................
(b) Father's/Husband's Name ..................................................................
(c) Date of Birth ........... Age (as on last date of receipt of application) ........................ Years ................... Months ........................... Days
(d) Whether belongs to ST/OBC/UR/............................................
(e) Whether applying under reserved category or not (Yes / No)
(f) Educational Qualifications ................................................................
(g) Experience (i) ................................ (ii) ........................................
(h) Permanent postal address ...............................................................
(i) Present postal address for communication ......................................
(j) Employment Registration No. and date, (if registered)/ ...................
(k) Self attested copies of certificates enclosed (i) ...... (ii) ........ (iii) ......

Certified that the above information / particulars are true to the best of my knowledge and belief. In case any information found to be false / doubtful before or after selection my candidature shall stand cancelled.

**Date:** **Signature of applicant**

***Attach certificate**

**ADMIT CARD**

Roll No.: ..................................................................
Name of the candidate ............................................
Son/Daughter/Wife ..................................................
Address......................................................................

[self attested photograph]

is hereby permitted to appear in test for the purpose of recruitment to post of ..........................................................................................

**For Office use only:**
Place of written examination..................................................................
Date ...................................... Time ...................................................

**Date:** **Signature of Issuing Authority**

Candidates are required to carry Photo Identity Card in original. No candidate is allowed to carry any electronic items such as Mobile, calculator, electronic watches etc. in the Examination Hall.

# উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশনে ২৫৮৯

*প্রথম পাতার পর*

৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট রিভিউয়িং অফিসার পদের ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক লিখিত পরীক্ষা, টাইপিং ও স্টেনোগ্রাফি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রথম ভাগে প্রশ্ন হবে কম্পিউটার জ্ঞান (৫০ নম্বর) বিষয়ে এবং দ্বিতীয় ভাগে প্রশ্ন হবে জেনারেল ইংরেজি, জেনারেল হিন্দি, জেনারেল নলেজ ও রিজনিং বিষয়ে। এর পর টাইপিং ও স্টেনোগ্রাফি টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে)। টাইপ টেস্ট কম্পিউটারে 'Kruti Dev 010/016' লিপিতে নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uppcl.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৯ ডিসেম্বর। ফি বাবদ দিতে হবে পোস্ট কোড ২৪ ও ২৬-এর ক্ষেত্রে ১,০০০ টাকা, পোস্ট কোড ১৬-র ক্ষেত্রে ৯০০ টাকা। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

## আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জানুয়ারি-এর প্রতিযোগিতার জন্য ডিসেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জানুয়ারি-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।